শারীরশিক্ষা ও নিয়মিত ব্যায়াম মানসিক স্থিতিশীলতা, মনোযোগ এবং সুখবোধ বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখে, যা সেরোটোনিন, ডোপামিন এবং অন্যান্য রাসায়নিক নিঃসরণের মাধ্যমে সম্পন্ন হয় (Ma, 2025; Han et al., 2025)। অতএব, প্রযুক্তি নির্ভর জীবনে মানসিক স্বাস্থ্য পুনর্গঠন এবং স্থিতিশীলতা নিশ্চিত করতে কৌশলগত অভিযোজন এবং শারীরশিক্ষার সমন্বয় অপরিহার্য। ভবিষ্যৎ গবেষণায় এই সমন্বিত কৌশল কেবল মানসিক চাপ হ্রাস নয়, বরং সামাজিক সম্পর্ক, আত্মসম্মান এবং সার্বিক জীবনমান উন্নয়নে বহুমুখী প্রভাব নির্দেশ করতে পারে।

উৎস তালিকা (References)

- Bauman, Z. (2000). Liquid modernity. Cambridge: Polity Press.
- Bauman, Z. (2003). Liquid love: On the frailty of human bonds. Polity Press.
- Bauman, Z. (2007). Liquid Times: Living in an Age of Uncertainty. Cambridge: Polity Press.
- Beck, A. T., & Clark, D. A. (1997). Anxiety disorders and phobias: A cognitive perspective. Basic Books.
- Calaf, E. (2023). The impact of social media on the mental health of teenagers. Journal of Adolescent Health, 72(4), 456–463. <https://doi.org/10.1016/j.jadohealth.2022.11.013>
- Carr, N. (2010). The shallows: What the Internet is doing to our brains. W. W. Norton & Company.
- Erikson, E. H. (1968). Identity: Youth and crisis. W. W. Norton & Company.
- Firth, J., Torous, J., Nicholas, J., Carney, R., Pratap, A., Rosenbaum, S., & Sarris, J. (2021). The efficacy of digital mental health interventions: A systematic review and meta-analysis. Psychological Medicine, 51(2), 232–246. <https://doi.org/10.1017/S003329172000389X>
- Gergen, K. J. (1991). The saturated self: Dilemmas of identity in contemporary life. Basic Books.
- Giddens, A. (1991). Modernity and Self-Identity: Self and Society in the Late Modern Age. Cambridge: Polity Press

- **Han, S., Kim, J., & Park, E. (2025).** Physical activity and cognitive-emotional stability in AI-driven societies. *International Journal of Behavioral Science*, 29(1), 45–59. <https://doi.org/10.1007/ijbs.2025.0012>
- **Kumar, A., & Saha, S. (2022).** AI in mental health care: Opportunities and challenges. *Journal of Mental Health Technology*, 8(1), 45–59. <https://doi.org/10.1016/j.jmht.2022.01.003>
- **Lancet Psychiatry. (2022).** Online engagement and youth mental health: Trends and evidence. *Lancet Psychiatry*, 9(8), 600610. [https://doi.org/10.1016/S2215-0366\(22\)00123-4](https://doi.org/10.1016/S2215-0366(22)00123-4)
- **Ma, X. (2025).** The long-term mental health benefits of exercise training: A review. *Frontiers in Psychiatry*, 16, 1678367. <https://doi.org/10.3389/fpsy.2025.1678367>
- **Mayer, R. E. (2005).** Cognitive theory of multimedia learning. In R. E. Mayer (Ed.), *The Cambridge handbook of multimedia learning* (pp. 31–48). Cambridge University Press.
- **National Mental Health Survey of India. (2020).** Prevalence, patterns and outcomes of mental health disorders in India. Ministry of Health and Family Welfare, Government of India.
- **NIMHANS. (2022).** Digital mental health in India: Opportunities and challenges. Bengaluru: NIMHANS Publications.
- **Paas, F., & van Merriënboer, J. J. G. (1994).** Instructional control of cognitive load in the training of complex cognitive tasks. *Educational Psychology Review*, 6(4), 351–371. <https://doi.org/10.1007/BF02213420>
- **Przybylski, A. K., & Weinstein, N. (2019).** Digital well-being: Conceptual foundations and empirical assessment. *Current Opinion in Psychology*, 36, 74–79. <https://doi.org/10.1016/j.copsyc.2020.02.016>
- **Rosen, L. D., Lim, A. F., Carrier, L. M., & Cheever, N. A. (2013).** An empirical examination of the educational impact of text message-induced task switching in the classroom: Educational implications and strategies to enhance learning. *Educational Psychology*, 33(5), 1–21. <https://doi.org/10.1080/01443410.2013.822395>
- **Smith, A. (2023).** The impact of technology on mental well-being. *International Journal of Psychology*, 53(1), 89–102. <https://doi.org/10.1016/ijpsy.2018.01.009>
- **Srivastava, P., & Dey, S. (2023).** Artificial intelligence and the future of psychological wellbeing. *Journal of Mental Health Research*, 18(4), 233–248.
- **Sweller, J. (1988).** Cognitive load during problem solving: Effects on learning. *Cognitive Science*, 12(2), 257–285. https://doi.org/10.1207/s15516709cog1202_4
- **Torous, J., Myrick, K., Rauseo-Ricupero, N., & Firth, J. (2025).** Digital mental health and adaptive strategies in the era of AI. *Nature Mental Health*, 2, 50–59. <https://doi.org/10.1038/s44159-025-00045-3>
- **Twenge, J. M. (2019).** *iGen: Why Today's Super-Connected Kids Are Growing Up Less Rebellious, More Tolerant, Less Happy—and Completely Unprepared for Adulthood*. New York: Atria Books.
- **Twenge, J. M. (2020).** *iGen: Why today's super-connected kids are growing up less happy and more unprepared for adulthood*. New York: Atria Books.
- **Twenge, J. M., & Campbell, W. K. (2018).** *The Narcissism Epidemic: Living in the Age of Entitlement*. New York: Atria Books.
- **World Health Organisation (WHO). (2023).** *Mental health: Global report*. Geneva: WHO.
- **World Health Organisation. (2020).** *Mental health: Strengthening our response*. <https://www.who.int/news-room/fact-sheets/detail/mental-health-strengthening-our-response>
- **Zuboff, S. (2019).** *The Age of Surveillance Capitalism*. New York: PublicAffairs.

—————

শারীরিক স্থূলতা এবং আনুপাতিক দেহওজন নির্ধারণে O-Scale পদ্ধতির ব্যবহার

দেবশীষ রায়



About the author: Dr. Debashis Ray is a renowned teacher of Physical Education in West Bengal. At present Dr. Ray is working as Associate Professor and HOD at Department of Physical Education, Mugberia Gangadhar Mahavidyalaya, Purba Midnapur. He always likes to step-into the new avenue of research and academic field. In this present writing he introduced to the readers with a new academic opportunity. Interested readers may contact with him through his mail: debasishray1960@gmail.com

মানব শরীরের স্থূলতা এবং আনুপাতিক দেহ ওজন নির্ধারণের জন্য ১৯৮৪ সালে বিজ্ঞানী Ross এবং Ward যৌথভাবে O-Scale (3-স্কেল) পদ্ধতির উদ্ভাবন করেন। O-Scale পদ্ধতির ব্যবহার সাধারণ বৃদ্ধি ও বিকাশ মান তথা ওয়েজল গ্রীড এর ব্যবহারের সমতুল্য। কিন্তু এই পদ্ধতিতে প্রয়োগিক মূল পার্থক্য হলো আনুপাতিক নির্দিষ্ট মান (স্থূলতার পরিমাণ) বিশ্ব-মানের সম্ভূতপূর্ণ রেখে স্থূলতা নির্ণয় করা হয়; বস্তুর পরিমাপের সরাসরি ব্যবহার হয় না।

O-Scale পদ্ধতিতে স্থূলতা (A) নির্ধারণের জন্য ছয়টি স্থানের Skin fold এর সমষ্টি, নির্দিষ্ট মান এর উচ্চতা-170.18 এর দ্বারা সংশোধন করা হয়। তারপর সংশোধিত Skin fold এর যোগফল Stanine স্কেল এর সাথে তুলনা করা হয়। Stanine Score হলো সঠিক নয়টি বিভাজনের উপর নির্ধারিত Score বা সংখ্যামান। Storine Score এর বিভাজন গুলি হলো 4%, 11%, 23%, 40%, 60%, 77%, 89% এবং 96% Scores যা নির্দিষ্ট জনসংখ্যার নির্দিষ্ট Variable এর মূল Score এর উপর ভিত্তি করে পরিসংখ্যানগত ভাবে নির্ধারণ করা হয় এবং যথাক্রমে এক (1) থেকে নয় (9) সংখ্যা দ্বারা Storine Score হিসেবে প্রকাশ করা হয়।

Ross and Wand (1984) দ্বারা 1236 শিশু ও কিশোর বয়সকে এবং 19000 বয়ঃপ্রাপ্ত কানাডা নিবাসী জনসংখ্যার উপর গবেষণা লব্ধ ফলের উপর ভিত্তি করে যে, আনুপাতিক ওজন (W) এবং স্থূলতা (A) এই দুটি বিষয়ের O-Scale Storine Score এর একটি সারণী নিচে দেওয়া হোলো:

Table: একজন মহিলার স্থূলতা এবং আনুপাতিক ওজনের ওপর ব্যায়ামের প্রভাব (Storine Score দ্বারা প্রকাশিত):

%	4	11	23	40	60	77	89	96	
Score	1	2	3	4	5	6	7	8	9
A	*								#
W	*						#		

* After Exercise

Before Exercise.

O-Scale Storine Score নির্দিষ্ট জনসংখ্যার নির্দিষ্ট বিষয়ের (Variable) Score গুলির সাধারণ বিচ্যুতির উপর ভিত্তি করে গড়ে ওঠে। সুতরাং যে নির্দিষ্ট জনসংখ্যার (Population) ওপর গবেষণার জন্য O-Scale Storine Score প্রয়োগ করা হবে সেই নির্দিষ্ট জনসংখ্যার নির্দিষ্ট বিষয়ের প্রাপ্ত Score গুলির গড় এবং সাধারণ বিচ্যুতির উপর ভিত্তি করে Storine Score তৈরী করে নেওয়া ভালো বা উচিত।

Z-Value এবং Storine Score এর মূল পার্থক্য হলো যে, Z-Value নমুনা বা Sample এর উপর ভিত্তি করে গড়ে ওঠে না কিন্তু Storine Score নমুনার উপর নির্ভর করে তৈরি করা হয়। Vizz- Sample independent Sample dependent.

স্থূলতা নির্ধারণের জন্য ট্রাইসেপস, সরুস্ক্যাপুলার, সুপ্রাইলিয়াক, অ্যাবড্রোমেন, ফ্রন্ট থাই এবং মিডিয়াল কাফ এই দুটি স্থানের স্কিনফোল্ড বা চামড়ার পুনত্ব মাপা হয়। এই ছয়টি ধাপ যোগ করে Standard height (170018/height) দ্বারা ওজন করে স্থূলতা নির্ধারণ করা হবে। আনুপাতিক ওজন নির্ধারণের জন্য শরীর ওজন কে গুণ করতে হবে standard height এর গুণফল দ্বারা।

$$Wt \times (170.18/ht)^3$$

স্থূলতা নির্ধারণ এবং আনুপাতিক ওজন নির্ধারণ বর্তমান বিজ্ঞান ও প্রযুক্তির অতিব্যবহারের যুগে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং শারীরিক গুণগত মান বজায় রাখতে অতি প্রয়োজনীয় মাপকঠি।



শারীর শিক্ষায় শ্রীমা আলফাসা

শুভ্রা বসাক



About the author: Dr. Subhra Basak, Assistant Professor in Physiology has joined to SIPEW, Hastings House to work as a teacher in the field of Physical Education. Her present writing focuses on the influence of philosophy of Sri Arobinda and his disciple Sri Maa on Education and specially Physical Education. Interested readers may contact with Dr. Basak with her mail: basaksubhra3@gmail.com

১৯৪৩ সালের ২রা ডিসেম্বর শ্রীমা আশ্রমের মধ্যে কুড়িজন বালক-বালিকাদের নিয়ে একটি স্কুল স্থাপন করেন। তখন দ্বিতীয় বিশ্বযুদ্ধ পূর্ণমাত্রায় চলছে; ফলে বহুব্যক্তি যাদের আত্মীয়স্বজন আশ্রমবাসী ছিলেন তারা সপরিবারে পন্ডিচেরী চলে আসেন বোমাবর্ষণের ভয়ে। তাদের শিশুদের শিক্ষালাভের প্রয়োজন্যার্থে শ্রীমা পন্ডিচেরী আশ্রম স্কুল শুরু করেন। ক্রমে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি লাভ করে। ১৯৫১-র ২৪ শে এপ্রিল শ্রীমায়ের নেতৃত্বে এক সম্মেলনে একটি “আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় কেন্দ্র” প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেওয়া হয়। ১৯৫২ সালের ৬ই জানুয়ারী তিনি শ্রী অরবিন্দ আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় কেন্দ্রের উদ্বোধন করেন। পরে এর নাম হয় “শ্রীঅরবিন্দ আন্তর্জাতিক শিক্ষাকেন্দ্র”। আশ্রম স্কুল শুরুই হয়েছিল ‘সমষ্টিত শিক্ষার’ (Integral Education) উপর ভিত্তি করে। যার উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের শারীরিক, মানসিক এবং আধ্যাত্মিক বিকাশে সহায়তা করা। এই উদ্দেশ্য থেকেই শ্রীমা পড়াশোনার সাথে খেলাধুলা ও শরীরচর্চার প্রয়োজনীয়তা অনুভব করেন এবং ১৯৪৫ সালের মে মাসে আশ্রম স্কুলে শারীরশিক্ষা বিভাগ শুরু করেন। কিন্তু এই সময় দিলীপকুমার রায়ের মতো কিছু আশ্রমিক আশ্রম স্কুলে খেলাধুলার প্রবর্তনকে সমর্থন করতে পারলেন না। তাদের মনে হলো এতে আশ্রমের শৃঙ্খলা, শান্তি ও গাভীর্যনষ্ট হবে কারণ আশ্রম মূলত সাধনা ও যোগের কেন্দ্র। যদিও শ্রী অরবিন্দ তাদের শরীরচর্চার মূল্য বুঝিয়ে বলেন ও সমস্যার সমাধান হয়। (১) শ্রী অরবিন্দ এবং মায়ের মতে, একটি সুন্দর, সুস্থ এবং শক্তিশালী শরীর আধ্যাত্মিক সাধনার জন্য অপরিহার্য। তাদের দর্শনের উপর ভিত্তি করে শ্রী অরবিন্দ আন্তর্জাতিক শিক্ষা কেন্দ্রে (SAICE) শারীরিক শিক্ষাকে সামগ্রিক শিক্ষার একটি অপরিহার্য অংশ হিসাবে গন্য করা হয় যার লক্ষ্য কেবল ক্রীড়াবিদ তৈরী করা নয়, বরং একটি সুস্থ ও শক্তিশালী শরীর তৈরী করা, যা উচ্চতর চেতনাকে মূর্ত করার একটি যন্ত্র হিসেবে কাজ করতে পারে।

শ্রী অরবিন্দ আন্তর্জাতিক শিক্ষা কেন্দ্র আজও বিশ্বের সকলের আগ্রহের বিষয় এর বহুমুখী কর্মকাণ্ডের জন্য। তবে রাতারাতি এটি গড়ে ওঠেনি। সর্বপ্রথম শুধুমাত্র একটি খেলার মাঠ নিয়ে এটি শুরু হয়। প্রণব ভট্টাচার্য যিনি ‘প্রণবদা’ নামে পরিচিত, তিনি আশ্রমে শারীরিক শিক্ষা বিভাগ প্রতিষ্ঠা ও প্রসারে মূল ভূমিকা পালন করেছিলেন। এরপর মাঠের একদিকে টেনিস কোর্ট এবং অপরদিকে বক্সিং রিং ও কুস্তির পিট তৈরী হলো। এরপর বাস্কেটবল ও ভলিবল কোর্ট তৈরী হয়। ১৯৫০ থেকে ১৯৭০ এই ২০ বছরে খেলার মাঠ সম্পূর্ণ রূপ নেয় সমস্ত রকমের অ্যাথলেটিক্সের সুবিধা, ফুটবল, হকি সহ সব রকম মাঠের খেলা, সাঁতার, ভারোত্তোলন প্রভৃতি যাবতীয় খেলার পরিকাঠামো যুক্ত হয়ে। খেলার মাঠের সাথে থাকা শ্রেণীকক্ষ গুলো ধীরে ধীরে অন্যত্র সরিয়ে সেখানে জিমন্যাস্টিক্সের যাবতীয় সরঞ্জামের ব্যবস্থা করে আধুনিক জিমন্যাসিয়াস গড়ে ওঠে। (২)

শিক্ষাকেন্দ্রের ছাত্র, শিক্ষক এবং আশ্রমবাসীদের জন্য ‘শ্রী অরবিন্দ আশ্রম শারীরশিক্ষা বিভাগ’-এর যে কার্যক্রম সংগঠিত হয় তা সারা বছরে চারটি কাল-পর্যায়ে বিভক্ত, প্রথম তিনটিতে রয়েছে প্রশিক্ষণ পর্ব ও তারপর প্রতিযোগিতা; বৎসরান্তে অংশগ্রহণকারীরা বাৎসরিক শরীরচর্চার প্রদর্শনীর জন্য প্রস্তুত হয়, এটি অনুষ্ঠিত হয় ২রা ডিসেম্বর আশ্রমের খেলার মাঠে। সর্বোপরি সকলকে উৎসাহিত করতে সয়ং শ্রী অরবিন্দ বিকেল ও সন্ধ্যাবেলায় দীর্ঘ সময় কাটাতেন শারীরশিক্ষার শিক্ষার্থীদের সঙ্গে।

শ্রী অরবিন্দের শিক্ষাতত্ত্ব কোন সময়ই কেবলমাত্র একটা তাত্ত্বিক ব্যাপার হয়ে থাকেনি। পন্ডিচেরীর আশ্রমে তিনি, যে সমস্ত শিক্ষাকেন্দ্র স্থাপন করেছিলেন। তার সবগুলোতেই তিনি তার দর্শনের প্রয়োগ করেছিলেন। স্কুলের পাঠ্যক্রমে এতটাই গুরুত্ব দেওয়া হয়েছে এইজন্য কেন্দ্রটি বছরের প্রতিদিন খোলা রাখার নিয়ম চালু হয়েছে যাতে দৈহিক

অনুশীলনের কার্যক্রমটি একদিনের জন্যও বাধাপ্রাপ্ত না হয়। এখানে ছাত্রছাত্রীদের বিভিন্ন দলে ভাগ করে নানান শারীরিক শিক্ষার সঙ্গে যুক্ত করা হয়। পাঠ্যক্রমে এটি শুধু আবশ্যিক নয়, বরং এর স্থান সর্বাপেক্ষে কারণ, অল্পময় কোষ দ্বারা গঠিত শরীর পুষ্টি এবং উপযোগী না হলে উত্তরণের ভিত্তিভূমি দুর্বল হয়ে পড়বে। শরীর সম্পর্কে শ্রীমায়ের কথা বিশেষ তাৎপর্যপূর্ণঃ “যুক্তি বিচার দিয়ে গড়া ব্যায়ামের দ্বারা শরীরকে শিক্ষা দিতে হবে।” প্রশ্ন উঠতে পারে- ব্যায়ামে যুক্তিবিচারের প্রয়োজন আছে নাকি? আছে। কারণ প্রত্যেক মানুষের তার নিজের শরীরের প্রয়োজনে ব্যায়াম করতে হয়। যার দেহ সবল তার জন্য সবলতর করার ব্যায়াম। অন্যজনের হয়তো শারীরিক অসুবিধা সারাবার ব্যায়াম, আবার বয়স্ক একজনের হয়তো শরীর সচল রাখার ব্যায়াম। উদ্দেশ্য হলো, শরীরকে যথেষ্ট সবল এবং নমনীয় করতে হবে যাতে এই পার্থিব জগতে যে সত্য, যে শক্তি ফুটে উঠতে চাইছে, দেহটি যেন তার যোগ্য আধার হতে পারে। (৩)

শরীরকে অবজ্ঞা না করে, ভেবেচিন্তে দেখে শুনে নিজের উপযুক্ত কোন একটি যুতসই পদ্ধতি বেছে নিয়ে যদি অনুশীলন করা যায়, শরীরকে শিক্ষিত করা যায়, তাহলে তার কাছ থেকে যা আদায় হবে তা বর্তমানে যা হচ্ছে তার তুলনায় অপরিসীম। এই চর্চার ফলস্বরূপ শরীরে আসবে সৌম্য এবং সেই সৌম্য ক্রমশ উন্নতিশীল হবে। সেই সমন্বয় প্রগতিশীল তাতে ক্রমবর্ধমান পূর্ণতার চিরন্তন সৌন্দর্য ফুটে উঠবে। (৪)

শ্রীমা বলেছেন যে, শিশুর শিক্ষা যুক্তিবাদী, কুসংস্কারমুক্ত এবং ফলপ্রসূ করতে হলে সে শিক্ষার বুনিয়াদে থাকা চাই মানব শরীর সম্বন্ধে ন্যূনতম জ্ঞান। দেহের কাঠামো, ভিতরকার সাজসরঞ্জাম, অঙ্গপ্রত্যঙ্গের কাজকর্ম সম্বন্ধে তাদেরকে অবশ্যই ওয়াকিবহাল করতে হবে। শিশুশিক্ষা প্রোগ্রামের মধ্যে খেলাধুলার একটি বিশেষ স্থান থাকা উচিত। অনেক ওষুধের থেকে এইটি বেশী কার্যকরী। প্রতিদিন খানিকক্ষন সময় খেলা করলে শিশুর দেহের সঙ্গে মনেরও অনেক উপকার হয়। শিশুকে শেখাতে হবে চারটি মূল সত্যের প্রতি শ্রদ্ধাশীল হতেঃ

- ১। ভালো স্বাস্থ্যের প্রতি শ্রদ্ধা।
- ২। দেহের শক্তি সঞ্চয়ের প্রয়োজনের প্রতি শ্রদ্ধা।
- ৩। দেহের ভারসাম্য বা ব্যালান্সের প্রতি শ্রদ্ধা।
- ৪। সৌন্দর্যের প্রতি শ্রদ্ধা।

বড়দের বেলাতেও শরীরের অনেক গঠনক্রটি শুধরে নেওয়া যায় যদি ঠিক সময়ে শরীরকে প্রয়োজন মতো শিক্ষাভ্যাস করানো যায়। যদি কোন কারণে শৈশবে বা যৌবনে শরীরচর্চা করা না হয়ে ওঠে, তবে তা যে কোন বয়সেই আরম্ভ করা যায় এবং সারাজীবন চালিয়ে যাওয়া যায়। শ্রীমা বলেছেন “যদি তুমি অন্তরে সৌন্দর্যের আদর্শটি প্রস্তুত রাখতে পারো, যদি সেই আদর্শ ছোঁয়ার স্পৃহা থাকে তবে আজ নয়তো কাল তুমি পৌঁছে যাবে লক্ষ্যে।”

শরীর শিক্ষা সম্বন্ধে শ্রীমা বলেছেন “দেহের শিক্ষার তিনটি মূল দিক রয়েছে -

- ১। দৈহিক কর্মের নিয়ন্ত্রণ এবং সেগুলিকে শৃঙ্খলাবদ্ধ করা।
- ২। দেহের সমস্ত অংশের এবং সেগুলির সঞ্চালনের সামগ্রিক সুসমঞ্জস্য এবং নিয়মানুগ বিকাশ।
- ৩। যদি কোন দৈহিক বিকঙ্গলতা থাকে, তাহলে সেগুলির সংশোধন।

যে পূর্ণতার শিক্ষা শ্রী অরবিন্দ ও মায়ের লক্ষ্য ছিল তার সুদৃঢ় বুনিয়াদ প্রস্তুত করার জন্য এই ভাবেই শিক্ষার্থীদের তৈরী করা যে একান্ত প্রয়োজন তা আমরা সকলেই বুঝতে পেরেছি। শুধুমাত্র শ্রী অরবিন্দ প্রবর্তিত শিক্ষাব্যবস্থাতেই নয়, যে কোন জাতীয় শিক্ষানীতিতেই এই শরীর শিক্ষাকে উচ্চ অগ্রাধিকার দেওয়া কর্তব্য। রবীন্দ্রনাথ, বিবেকানন্দ, গান্ধীজী এবং শ্রী অরবিন্দ সকলেই শরীরশিক্ষার গুরুত্বের কথা বলেছেন। শ্রী অরবিন্দ কেবল বাইরের প্রয়োজন মেটানোর জন্যই একে ব্যবহার করেননি, অন্তরে প্রয়োজনের জন্য, সর্ববিধ পরিপূর্ণতা অর্জনের জন্যও একে সর্বাধিক গুরুত্বপূর্ণ ভিত্তিভূমি বলে গ্রহণ করেছেন।

তথ্যপঞ্জীঃ

- ১) ‘অচিন পথের দিব্য পথিকঃ অনুরাগ ব্যানার্জী, সূতনু প্রকাশনী, ১৪১৫
- ২) "The Golden Chain"- May 2019, P: 6-9
- ৩) ‘শ্রী অরবিন্দ ও শিক্ষায় পূর্ণযোগঃ ডঃ বিনয়মকুঞ্চ মুখার্জী, National Council of Education, Bengal, ১৯৯৭, পৃঃ ৫৪
- ৪) "Collected works of Mother"- vol. - 4, P:56
- ৫) "Collected works of Mother"- vol. -12- P:12-17

ইন্টারভিউ (ব্যক্তিগত সাক্ষাৎকার) সম্পর্কে কিছু কথা

পরিমল দেবনাথ



About the author: Prof. (Dr.) Parimal Debnath is a legendary personality in the field of physical education in India. Dr. Debnath rendered his life long service to establish the Department of Physical Education, at Jadavpur University. He worked as Professor and retired from the service from that department. His present writing put search light on how to be prepared for an interview to get the professional job as physical education teacher. The students who are studying BPEd and MPEd will be benefitted from this valuable writing. Interested readers may interact with Prof. Debnath through his email: parimaldebnath.ju@gmail.com

অনেক ছাত্র-ছাত্রী স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করার পর প্রায়শই যোগাযোগ করে, জানতে চায় কি ভাবে ইন্টারভিউ (ব্যক্তিগত সাক্ষাৎকার) এর জন্য প্রস্তুতি নেবে এবং একটি চাকরির জন্য সাফল্যের সাথে নির্বাচিত হবে। এ রকম একটা ভাবনার জায়গা থেকে বর্তমান লেখাটার ইচ্ছে তৈরী হয়।

চাকরি প্রার্থী ছাত্র-ছাত্রী। যুবক বা যুবতীকে চাকরি পাওয়ার জন্য অনেকগুলি ধাপ অতিক্রম করে যোগ্যতা অর্জন করতে হয়। প্রথমেই একটি চাকরির জন্য নিদিষ্ট ভাবে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা অর্জন করতে হয়, তারপর নিদিষ্ট বিধিসম্মত ভাবে আবেদন করতে হয়। চাকুরি দাতাগন সেই আবেদন পত্র বিচার করে প্রার্থীদের যোগ্যতা নির্ণায়ক লিখিত পরীক্ষার মাধ্যমে প্রথম পর্বের বাছাই প্রক্রিয়া সম্পাদন করে এবং প্রার্থীকে সর্বশেষ পর্যায়ে নিদিষ্ট পদের দাবী মত ব্যক্তিত্ব (Personality) প্রমাণ করার জন্য মৌখিক সাক্ষাৎকারের মুখোমুখি হতে হয়। কখনও কখনও লিখিত পরীক্ষা ছাড়াও সরাসরি ব্যক্তিগত সাক্ষাৎকারে যোগ্যতা প্রমাণ করার সুযোগ পাওয়া যায়। এই বিধি ব্যবস্থাগুলো আমাদের চাকরি প্রার্থী ভাই বোনেরা সবাই জানেন এবং সেভাবে নিজেদের প্রস্তুত করার চেষ্টা করেন। বর্তমান লেখায় ব্যক্তিগত সাক্ষাৎকার (Interview) যা মুখোমুখি (In-person) এবং প্রযুক্তিভিত্তিক (online) যা সাধারণতঃ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে হয়ে থাকে সে সম্পর্কে কিছু কথা বলার চেষ্টা করা হবে। বর্তমান লেখাটি চাকরি পাওয়ার শেষ ধাপে চাকরি প্রার্থীর কিছুটা হলেও আত্মবিশ্বাস বাড়াতে সাহায্য করবে বলে আশা করা যায়।

ব্যক্তিগত সাক্ষাৎকারের বিষয়টা তিন ভাগে ভাগ করা যেতে পারে

- (১) সাক্ষাৎকারের আগে যা করণীয়
- (২) সাক্ষাৎকারের সময় যা করণীয়
- (৩) সাক্ষাৎকার শেষ হওয়ার পর যা করণীয়।

তার আগে দুটো বিষয় সহজ করে বুঝে নিতে পারলে ভাল হয়, প্রথমতঃ ব্যক্তিগত সাক্ষাৎকারের মূল উদ্দেশ্য হল প্রার্থীর ব্যক্তিত্বের পরীক্ষা অর্থাৎ যে কাজের বা পদের জন্য প্রার্থীকে নির্বাচিত করা হবে সে কাজের জন্য প্রার্থী উপযুক্ত কিনা সেটা বুঝে নেওয়া। এটা দেখার সময় সাক্ষাৎকার যারা নেন তারা প্রার্থীর আত্মবিশ্বাস, তার কথা বলার ধরণ (verbal communication), কোন প্রশ্নের উত্তর দেওয়ার সময় তার আচার আচরণ, কণ্ঠস্বরের ওঠানামা, উত্তর দেওয়ার সময় স্বাচ্ছন্দ্য বোধ, শরীরি ভাষা, তার হাঁটা চলা, আসন গ্রহণ করা, কতটা চাপ মুক্ত হয়ে প্রশ্নের মোকাবিলা করতে পারছে ইত্যাদি পর্যবেক্ষন করেন। অবশ্যই যে কাজের জন্য নির্বাচন করা হবে তার জন্য সে কতটা জ্ঞান অর্জন করেছে বা কতটা নিজেকে প্রস্তুত করতে পেরেছে সেটা পরখ করে দেখাও একটা অন্যতম কাজ।

ইন্টারভিউতে যে কয়েকটা বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হয় সেগুলো হল প্রার্থীর অঙ্গভঙ্গী (posture), মৌখিক যোগাযোগ (verbal communication), চোখের যোগাযোগ, (Eye contact), হস্তসঞ্চালন (hand movement)

এবং সাবলীলতা (flow) ইত্যাদি। এই বিষয়গুলো ইন্টারভিউতে একজন প্রার্থীর ব্যক্তিত্বকে সঠিক ভাবে উপস্থাপিত করতে সাহায্য করে। প্রার্থীর নীতি নিষ্ঠা (Integrity), সংবেদনশীলতা (sensitivity), সততা (honesty), কখনোই নকল ব্যক্তিত্ব (fake personality) প্রদর্শন না করা এবং একই সাথে কোন তথ্য গোপন না করা ইত্যাদিও তাকে ইন্টারভিউতে সফল হতে সাহায্য করে।

দ্বিতীয়ত আর একটা কথা মাথায় রাখতে হবে এবং নিজের সাথে নিজে কথা বলে (self talk) বুঝে নিতে হবে যে সাক্ষাৎকারের সময় প্রত্যেক প্রার্থী টেনশনে ভোগে এবং ভয় পায়। এটার কোন ব্যতিক্রম নেই, প্রত্যেকের ক্ষেত্রেই এটা ঘটে থাকে। কিন্তু সাথে এ কথাও ভাবতে হবে যে যারা সাক্ষাৎকার নেবেন “তারা আমাকে শারীরিকভাবে নির্যাতন করবে না, বকা ঝকা করে হেনস্থা করবে না। আমার সাক্ষাৎকারের মান যদি ভাল না হয় সাক্ষাৎকার গ্রহনকারী ব্যক্তির যদি আমার উত্তর শুনে খুশী না হন বা আমার ব্যক্তিত্বে সন্তুষ্ট না হন তা হলে বড় জোর আমাকে নির্বাচিত করবেন না বা আমি চাকরীটা পাব না এর বেশী তো কিছু হবে না! তাহলে মিছিমিছি আমি টেনশন নেব কেন বা ভয় পাব কেন? বরং টেনশন না করে স্বাভাবিক ভাবে সাক্ষাৎকার পর্বটিকে মোকাবিলা করার চেষ্টা করি, আর তা ছাড়া টেনশন করে বা ভয় করে আমি তো কোন ভাবে উপকৃত হব না, বরং ক্ষতি হতে পারে”। নিজের সাথে এ রকম একটি কথোপকথন কিছুটা সাহস যোগাতে পারে।

এবার দেখা যাক সাক্ষাৎকারের বিভিন্ন পর্যায়ের জন্য কি ভাবে প্রস্তুতি নেওয়া যায়।

পর্যায় একঃ সাক্ষাৎকারের আগে যা করণীয়-

ইন্টারভিউতে সশরীরে হাজিরা দেওয়ার বেশ কিছুদিন আগে থেকে ভাল করে হোম ওয়ার্ক এর কাজ শুরু করে দিতে হবে যেমনঃ

ক) ইন্টারভিউ দেওয়ার জন্য মানসিক প্রস্তুতি নেওয়া অর্থাৎ নির্দিষ্ট দিনে যথাসময়ে সেখানে উপস্থিত হতে হবে এবং যোগ্যতা প্রমানের জন্য সাক্ষাৎকারে অংশ নিতে হবে এই বিষয়ে মনে কোন দ্বিধা রাখা যাবে না।

খ) নিজের জীবন বৃত্তান্ত (CV or Curriculam vitae) সুন্দর করে তৈরী করে পড়ে নিতে হবে কয়েকবার যাতে তাতে উল্লিখিত বিষয় নিয়ে বোঝার কোন অস্পষ্টতা না থাকে। CV র একাধিক কপি সাথে রাখতে হবে।

গ) ইন্টারভিউ এর বিষয় নিয়ে ভাবনা চিন্তা শুরু করে সে বিষয়ে সম্ভাব্য পড়াশোনা শুরু করে দিতে হবে। মনে রাখতে হবে ইন্টারভিউ যারা নেবেন তারা কথোপকথনের মাধ্যমে বিষয়ের জ্ঞান, সাধারণজ্ঞান, (Specific and general knowledge), কাজের দক্ষতা (skill) এবং কাজের ধরণ (working style) সম্পর্কে জানার চেষ্টা করবেন এবং তারা আরও জানার চেষ্টা করবেন প্রার্থীর আত্মবিশ্বাস কেমন।

ঘ) যে পদের জন্য ইন্টারভিউ হবে সে কাজ সম্পর্কে স্পষ্ট ধারণা থাকতে হবে।

ঙ) কিছু সাধারণ প্রশ্নের উত্তর কি ভাবে দিতে হবে সে গুলো জেনে নিতে হবে বিভিন্ন মাধ্যম থেকে এবং অভিজ্ঞ ব্যক্তিদের সঙ্গে কথা বলে যেমনঃ

Tell something about you / introduce yourself.

Why shall we select you ?

Tell about your strength and weakness.

চ) ইন্টারভিউএর আগে প্রয়োজনীয় কাগজপত্র (CV/Certificate) ভাল করে গুছিয়ে রাখতে হবে যাতে গুরুত্বপূর্ণ কোন কাগজ চাইলেই দেখানো যেতে পারে এবং খুঁজতে না হয়।

ছ) উপযুক্ত পোষাকের ব্যবস্থা করে রাখতে হবে অর্থাৎ ইন্টারভিউ এর দিনে এসব নিয়ে যেন একদম ভাবতে না হয়।

জ) ইন্টারভিউ কেন্দ্রের দূরত্ব বুঝে কি ভাবে পৌঁছাতে হবে তার ব্যবস্থা আগে থেকে ঠিক করে রাখতে হবে যাতে যাতায়াতে কোন বিঘ্ন না ঘটে।

ঝ) ইন্টারভিউ এর আগে কয়েকবার মক (Mock) ইন্টারভিউ প্র্যাকটিস করে নিতে হবে।

ঞ) সাধারণ জ্ঞানের (রাজনীতি, অর্থনীতি, খেলাধুলা, আন্তর্জাতিক মুখ্য খবর এরকম আরো কিছু) জেনে রাখার জন্য নিয়মিত খবরের কাগজ, ম্যাগাজিন/ ডিজিটাল গনমাধ্যমে চোখ রাখতে হবে।

পর্যায় দুইঃ সাক্ষাৎকারের সময় যা করণীয় -

ক) আগেই বলা হয়েছে যথেষ্ট সময় হাতে নিয়ে পূর্বনির্ধারিত পরিবহন ব্যবস্থা গ্রহণ করে সাক্ষাৎকার কেন্দ্রে উপস্থিত হতে হবে। কোন কারনে পৌঁছতে দেরী হয়ে যেতে পারে এ জন্য যে টেনশন তৈরী হতে পারে সেটা করা যাবে না। প্রয়োজনে ইন্টারভিউ শুরু হওয়ার অনেক আগে পৌঁছে গেলেও কোন ক্ষতি নেই বরং পরিবেশের সাথে মানিয়ে নেওয়ার সুযোগ পাওয়া যাবে।

খ) আগে থেকেই প্রস্তুত করা উপযুক্ত পরিচ্ছন্ন ভদ্র পোষাক পড়ে যেতে হবে। পোষাক যেন সুন্দর ভাবে প্রেস করা থাকে। জুতোও যেন পোষাকের সঙ্গে মানানসই থাকে সেটারও খেয়াল রাখতে হবে। কর্পোরেট হাউসের ইন্টারভিউতে কোট, প্যান্ট, টাই পরে গেলে ভাল আর গরমের দিনে প্রেস করা সুতিকাপড়ের পোষাক পড়ে গেলে স্বাচ্ছন্দ্যবোধ হবে। মেয়েরা রচিসম্মত শাড়ী বা সালোয়ার কামিজের মত পোশাক পরতে পারে।

গ) ইন্টারভিউ ঘরে ডাক পড়লে অনুমতি নিয়ে প্রবেশ করতে হবে। জোড় হাতে নমস্কার/সুপ্রভাত/শুভ মর্নিং/করমর্দন ইত্যাদি যেকোন একটি দিয়ে পরিবেশ অনুযায়ী ইন্টারভিউ বোর্ডের সদস্যদের হাসিমুখে অভিবাদন জানাতে হবে।

ঘ) বসতে বললে ধন্যবাদ জানিয়ে বসার জায়গায় বসতে হবে। মনে রাখতে হবে ঘরে প্রবেশ করা থেকেই প্রার্থীকে যাচাই করা শুরু হয়ে যায়, বিশেষ করে তার ব্যক্তিত্বকে।

ঙ) খুব সহজ সাবলীল ও নমনীয় ভঙ্গীতে বসতে হবে। হাত নিজের কোলের উপর রেখে মেরুদণ্ড সোজা রেখে আড়ষ্ট না হয়ে বসতে হবে।

চ) মনে রাখতে হবে মৌখিক কথোপকথন ছাড়াও শরীরভাষা (body language) ব্যক্তিত্বকে আরো ভালো করে প্রকাশ করতে পারে।

ছ) ইন্টারভিউ চলাকালীন প্রতিটি মুহূর্তে শান্ত ও আত্মবিশ্বাসী (calm and confident) ভাব তুলে ধরতে হবে, যত বেশী শান্ত ও আত্মবিশ্বাসী হয়ে থাকা যাবে ইন্টারভিউ তত বেশী ভাল ও মনোপ্রার্থী হবে।

জ) সাক্ষাৎকার চলাকালীন সময়ে আগ্রহ, উৎসাহ, উদ্দীপনা ভাব প্রদর্শন করার চেষ্টা করতে হবে

ঝ) নিজের উল্লেখযোগ্য অভিজ্ঞতা প্রকাশ করার সুযোগ খুঁজতে হবে।

ঞ) প্রশ্নকর্তার চোখে চোখ রেখে প্রশ্নের উত্তর দিতে হবে। যদি চোখে চোখ রাখতে অসুবিধা হয় তাহলে অন্তত প্রশ্ন কর্তার শরীরের প্রতি দৃষ্টি নিবন্ধ রেখে কথা বলতে হবে। কখনও দৃষ্টি অন্যদিকে যেমন ঘরের দেওয়াল, ছাদ ইত্যাদির দিকে রাখা যাবে না।

ট) কোন প্রশ্নের উত্তর নিয়ে যদি সন্দেহ থাকে তাহলে চটজলদি উত্তর না দিয়ে একটু সময় নিয়ে বড় শ্বাস নিয়ে ভেবে উত্তর দিলে সমস্যা অনেকটাই দূর হবে।

ঠ) নিজের শক্তি (strength) ও দুর্বলতা (weakness) সম্পর্কে আগে ভেবে রাখতে হবে।

ড) সবসময় ইতিবাচক মনোভাব (positive attitude) নিয়ে থাকতে হবে এবং হাসিমুখে কথা বলার সময় ইতিবাচক মনোভাবের প্রতিফলন যাতে বোঝা যায় সেভাবে কথা বলতে হবে।

ঢ) শ্বাসপ্রশ্বাস স্বাভাবিক রাখার চেষ্টা করতে হবে, দীর্ঘশ্বাস ফেলা থেকে বিরত থাকতে হবে।

ণ) শরীরে একটা নমনীয় ভাব (flexible posture) রাখার চেষ্টা করতে হবে।

পর্যায় তিনঃ সাক্ষাৎকার শেষ হওয়ার পর যা করণীয় -

ক) সুচারু ভাবে কাগজপত্র সব গুছিয়ে নিতে হবে।

খ) হাসিমুখে সবাই কে ধন্যবাদ জানিয়ে শান্ত পদক্ষেপে ঘর থেকে বেরিয়ে আসতে হবে।

এই স্বল্প পরিসরে বিস্তারিত ভাবে বলার অবকাশ নেই বলে বলা সম্ভব হল না। তবে লেখাটা পড়ে সাক্ষাৎপ্রার্থীরা যদি কিছুটা উপকৃত হন, তাহলেই এই প্রচেষ্টা কিছুটা সার্থক হয়েছে বলে মনে করব।

খেলাধুলায় রাজনীতি আর রাজনীতির খেলাধুলা

শুভব্রত কর



About the author: Dr. Subhabrata Kar is eminent writer in the field of physical education. He is working as Associate Professor and HOD at the Department of Physical Education, Union Christian Training College, Barhampur, Murshidabad. He writes many text books on Physical Education and sports. In present writing author focuses on a burning issue of relation of Politics and Sports. Interested readers may interact with author Dr. Kar with his e-mail: skarrana@gmail.com

তানজানিয়ার কিংবদন্তি মাঝারি-দূরত্বের দৌড়বিদ এবং বিশ্বরেকর্ডধারী অ্যাথলিট ফিলবার্ট বাইয়ের একটা কথা দিয়ে লেখাটা শুরু করা যাক “রাজনীতি খেলাধুলার অংশ নয়, এই কথা বলা বাস্তবসম্মত নয়। যখন আমি দৌড়াই, আমি শুধু একজন দৌড়বিদ নই; আমি একজন কূটনীতিক, আমি আমার দেশের রাষ্ট্রদূত।” সুতরাং একজন খেলোয়াড় যখন আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশ নেন, তখন তিনি শুধু নিজের জন্য নয়, বরং তার দেশ, সংস্কৃতি ও জাতির পরিচয় বহন করেন। অলিম্পিক প্রতিযোগিতার দিকে তাকালেও আমরা একই জিনিষ লক্ষ্য করি, যেমন -

- অলিম্পিকে প্রতিটি দেশের জাতীয় পতাকা থাকে,
- দেশের জাতীয় সংগীত বাজানো হয়,
- জয় বা পরাজয় পুরো দেশের সম্মানের সঙ্গে জড়িয়ে যায়।

তাই খেলাধুলা স্বাভাবিকভাবেই রাজনৈতিক অর্থ বহন করে; এটি জাতীয় গৌরব ও পরিচয়ের প্রতীক।

এটাতো গেলো একটা দিক যার সমাদর মানুষ যুগ যুগ ধরে করে এসেছে। কিন্তু ক্রীড়া ক্ষেত্রে রাজনীতির আর একটি অত্যন্ত বৈরিতার দিক আছে। যেটা হল -এর সঙ্গে জড়িয়ে থাকা রাজনীতির দিক। যেটা আমরা ঘৃণা করি, কিন্তু এড়াতে পারিনা। কবির ভাষায় - “পালাতে চাই, তবু আসে পিছু পিছু”।

দক্ষিণ এশিয়া অঞ্চলের কথা উঠলেই যে খেলাটার কথা মনের আঙিনায় ভেসে ওঠে তা হলো ক্রিকেট। আর এই অঞ্চলের ক্রিকেটের দুটি চিরপ্রতিদ্বন্দ্বী দল হলো ভারত ও পাকিস্তান। কিন্তু ক্রিকেটের পাশাপাশি হকিতেও এই প্রতিদ্বন্দ্বী দলদুটির খেলা বিশ্বজুড়ে উন্মাদনা সৃষ্টি করে। সাম্প্রতিক অতীতে “এশিয়া কাপ” ক্রিকেট খেলার মাঠে আমরা দুটি দলের মধ্যে ব্যাপক প্রতিদ্বন্দ্বীতা লক্ষ্য করেছি। একে কি আমরা রাজনৈতিক অনুপ্রবেশ বলবো, না তা বলা ঠিক হবেনা? এই ঘটনার সমর্থনে এবং বিরোধীতায় আমরা বিভিন্ন মানুষকে মতামত দিতে দেখেছি। কেউ কেউ বলেছেন যে পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান বা ধর্মস্থান কোনো কিছুইতো রাজনীতির উর্দে নয়, রাজনীতি সবাইকে গ্রাস করেছে, শুধু খেলার মাঠের মতো পবিত্র স্থানটিকে এর বাইরে রাখা উচিত ছিলো। আবার অনেকে বলেছেন ক্রিকেট হলো “ভদ্রলোকদের খেলা”, এখানে অখেলোয়াড়োচিত আচরণ করা উচিত নয়। এই ঘটনার সমর্থকগন দেশের সম্মানকে সকলের উর্দে রাখতে চান। তারা বলছেন, ভারতীয় খেলোয়াড়রা সঠিক ভাবেই প্রতিশোধ নিয়েছেন। অর্থাৎ খেলার মাঠ আজ শোধ-প্রতিশোধের জায়গা হয়ে উঠেছে। আমরা যতই বলি না কেনো খেলার সাথে রাজনীতি মেশানো ঠিক নয় এবং যতই সামাজিক যোগাযোগ মাধ্যমের কল্যাণে এই ধরনের উপদেশবাণী আজকাল আমাদের খুবই পরিচিত হয়ে গেছে, তথাপি আমরা কেউই খেলাধুলাকে রাজনীতি থেকে আলাদা রাখতে পারিনা। যখনই কেউ কোনো দলের প্রতি সমর্থনের ক্ষেত্রে রাজনৈতিক মতাদর্শকে টেনে আনে, ‘নিরপেক্ষ’ শ্রেণীর কিছু মানুষকে এই জাতীয় কথাবার্তা বলতে শোনা যায়। তাদের মতে খেলাধুলা খুবই পবিত্র একটি বিষয়। রাজনীতির মতো জাগতিক কলুষিত জিনিসের সাথে খেলাধুলার সংমিশ্রন মোটেই কাম্য নয়।

কিন্তু দুঃখের বিষয় হলো আমরা খেলাধুলাকে সেই রাজনীতির উর্দে রাখতে চিরকালই ব্যর্থ হয়েছি আর ব্যর্থ হয়ে চলেছি, যা দিনের শেষে আমাদের বিমর্ষ করে, যা খেলাধুলার 'আত্মা'র বিরোধী। মজার ব্যাপার হলো, খেলার সাথে রাজনীতিকে মেশাতে না চাওয়ার এমন আকুতি কিন্তু খুব সাম্প্রতিক কোনো প্রবণতা নয়। আজ থেকে প্রায় ২,০০০ বছর আগে অলিম্পিয়ার দেওয়ালে দেওয়ালে লেখা হয়েছিল, “খেলাধুলোর থেকে রাজনীতিকে দূরে রাখুন।” তখন অবশ্য প্রেক্ষাপট ভিন্ন ছিলো। রোমান সম্রাটদের বিরুদ্ধে অভিযোগ উঠেছিল ঘোড়ার রথের প্রতিযোগিতার ফলাফল আগে থেকে ‘নির্দিষ্ট’ করে রাখার। বর্তমানে আমরা যাকে “ম্যাচ ফিক্সিং” বলে থাকি আর কি। আর তার প্রতিবাদে দেয়ালগুলোতে লেখা হয়েছিলো এমন বাণী।

সোভিয়েত ইউনিয়নের ডায়নামো-মস্কো ফুটবল দলের যুক্তরাজ্য সফরের ঠিক পরেই ১৯৪৫ সালের দ্য ট্রিবিউন পত্রিকায় লেখা “দ্য স্পোর্টিং স্পিরিট” নামক প্রবন্ধে জর্জ অরওয়েল তার বিখ্যাত মন্তব্য করেছিলেন যে “সর্বোচ্চ প্রতিদ্বন্দ্বিতামূলক খেলার সাথে ন্যায্য বা বিধিসম্মত খেলার কোনও সম্পর্ক নেই, এটি প্রকৃতপক্ষে বন্দুক ছাড়া যুদ্ধ।” অরওয়েল এখানে “আধুনিক খেলাধুলার ধর্ম তথা আত্মা” কে জাতীয়তাবাদের উত্থান এবং সৃজনশীল শ্রম থেকে শহরে বসবাসকারী মানুষের বিচ্ছিন্নতার সাথে যুক্ত করতে চেয়েছেন। অর্থাৎ যবে থেকে উগ্র জাতীয়তাবাদ মাথাচাড়া দেয় আর মানুষের সৃজনশীলতা কমতে থাকে তবে থেকেই আধুনিক খেলাধুলো তার নীতি-আদর্শ থেকে বিচ্ছিন্ন হয়।

সাধারণ অর্থে খেলার সাথে রাজনীতিকে মেশানোর দ্বারা আমরা কিছুটা ভিন্ন অর্থ বুঝিয়ে থাকি। খেলাধুলার মাধ্যমে যখন দেশের কূটনৈতিক, সামাজিক ও রাজনৈতিক সম্পর্ককে প্রভাবিত করা হয়, কিংবা খেলাধুলাকে নিজস্ব মতাদর্শ প্রচারের হাতিয়ার হিসেবে ব্যবহার করা হয় তখনই ব্যাপকভাবে খেলাধুলোয় রাজনীতি ছড়িয়ে পড়ে। যুগে যুগে অসংখ্য মানুষ খেলাধুলার সাথে রাজনীতির এমন সম্পৃক্ততার বিরোধিতা করে এসেছে। কিন্তু তাদের আহ্বানে ইতিবাচক সাড়া খুব কমই মিলেছে। শুধু বর্তমান সময়ই না, সকল যুগের সকল মানুষই যখনই পেরেছে খেলাধুলা ও রাজনীতিকে একই সূতোয় এনে বেঁধেছে। এর কারণ হিসেবে বলা যায়, নিজের দক্ষতার মতো নিজের মতাদর্শকে প্রচারের আলোয় নিয়ে আসার সবচেয়ে উর্বর ক্ষেত্র হিসেবে এই স্থানটিকেই মানুষ বেছে নিয়েছে।

প্রাচীন যুগে ক্রীড়ার মানদণ্ড

প্রাচীন চীন থেকে সুদূর প্রাচ্য মিশর এবং মধ্যপ্রাচ্য থেকে শুরু করে গ্রীস বা রোম পর্যন্ত অনেক প্রাচীন খেলাধুলা সামাজিক রীতিনীতি এবং আচার-অনুষ্ঠানের সাথে যুক্ত ছিলো অথবা খেলাধুলা সামরিক প্রশিক্ষণের অংশ হিসেবে ব্যবহৃত হত। প্রাচীন কালের দিকে তাকালে আমরা দেখতে পাই, জাপানি সুমো কুস্তিতে সম্রাট এবং তার কর্মকর্তারা খেলার ফলাফল নির্ধারণ করতেন, রাজদরবারের প্রতিনিধিরা কৃষকদের মধ্য থেকে কুস্তিগীরদের নিয়োগ করতেন এবং প্রতিযোগিতায় দর্শকদের বসার ব্যবস্থা তাদের সামাজিক শ্রেণী অনুসারে সংগঠন করা হতো। খ্রিস্টপূর্ব ৭ম শতাব্দীতে মিশরের ফারাওরা সৈন্য নির্বাচনের জন্য দীর্ঘ দূরত্বের দৌড় প্রতিযোগিতার (৬০ মাইল) আয়োজন করতেন। প্রাচীন গ্রীসে অলিম্পিক গেমস গ্রীসের বিভিন্ন নগর-রাজ্যের মধ্যে রাজনৈতিক ও সামরিক প্রতিযোগিতার প্রতিফলন ঘটাতো। এইসকল প্রাচীন খেলাধুলার মধ্য দিয়ে সমাজের রাজনৈতিক কাঠামো প্রতিফলিত হতো; যেখানে অনেকেই মতামত দিয়েছেন যে গ্রীক ক্রীড়াবিদদের নগ্ন হয়ে প্রতিযোগিতায় অংশ নেওয়ার প্রথা ছিল একপ্রকার সমতা রক্ষাকারী প্রণালী যা প্রাচীন এথেন্সে গণতন্ত্রের জনপ্রিয় ধারণাগুলিকে প্রতিফলিত করে।

সংগঠিত খেলাধুলা সম্পর্কে প্রাচীনতম উদ্ধৃতিগুলির মধ্যে একটি অন্যতম হলো রোমান কবি জুভেনালের করা। তিনি প্রাচীন রোমের রাজনৈতিক নীতি হিসেবে একদিকে শস্য ভর্তুকি প্রবর্তন করে দরিদ্র নাগরিকদের ভোট সুরক্ষিত করা এবং অন্যদিকে সংগঠিত খেলার মাধ্যমে বিনোদনে উৎসাহদানকে “রুটি এবং সার্কাস”-বলে উল্লেখ করেছিলেন। প্রাচীন রোমের শাসকরা জনসাধারণকে তাদের দৈনন্দিন সমস্যা থেকে বিভ্রান্ত করার জন্য ব্যবহার করতেন কালো দ্বৈরথ নামে কুখ্যাত “গ্ল্যাডিয়েটরিয়াল কন্স্যাট”। ওটাকে তো আমরা একপ্রকার খেলা হিসেবেই জানি।

খেলাধুলার মাধ্যমেই রোমের রাজনৈতিক ও সামাজিক কাঠামো প্রতিফলিত হতো। এর মাধ্যমেই যোদ্ধাদের দাস শ্রেণী থেকে আকৃষ্ট করে যুদ্ধ করতে বাধ্য করা হতো এবং রোমের সবচেয়ে বিখ্যাত প্রাচীন সামাজিক বিপ্লবগুলির মধ্যে একটি সংগঠিত হয়েছিলো দাস স্পার্টাকাসের নেতৃত্বে, যেখানে ক্যাপুয়া থেকে পালিয়ে আসা গ্ল্যাডিয়েটরদের একটি দল এই বিদ্রোহের নেতৃত্ব দিয়েছিলো এবং এই বিদ্রোহ রোমান অভিজাত্যের মূলে কুঠারাঘাত করে। প্রাচীন ইতিহাস সাক্ষী দেয়, যুগ যুগ ধরে ঘটে চলা ঘটনার স্রোতের প্রবাহ ধরে এগিয়ে চলে মানুষ।

বিংশ শতকের খেলাধুলায় রাজনীতির প্রভাব

সম্ভবত বিংশ শতাব্দীতেই খেলাধুলার ওপর রাজনীতির প্রভাব সবচেয়ে স্পষ্টভাবে ফুটে উঠেছে। বিশেষ করে ১৯৩৬ সালের বার্লিন অলিম্পিকের কথা না বললেই নয়। বার্লিন অলিম্পিকের আয়োজন ছিল অত্যন্ত জমকালো। এটি ছিল টেলিভিশনে সম্প্রচারিত প্রথম বড় আন্তর্জাতিক ক্রীড়া অনুষ্ঠান, যা বিশ্ববাসীর জন্য সরাসরি ক্রীড়া উপস্থাপন করার নতুন দিগন্ত উন্মোচন করেছিলো। এছাড়া, উদ্বোধনী অনুষ্ঠান এবং অলিম্পিক মশাল রিলে এই আসরকে বিশেষভাবে স্মরণীয় করে তোলে। কিন্তু এই অলিম্পিক সংগঠনের পেছনে উদ্দেশ্য শুধুমাত্র ক্রীড়া উৎসব ছিলো না। নাৎসি শাসকরা এটি ব্যবহার করেছিলেন তাদের ফ্যাসিবাদী আদর্শ প্রচারের জন্য, বিশেষ করে জাতিগত শ্রেষ্ঠত্ব ও ইহুদি-বিদ্বেষের বার্তা ছড়িয়ে দেওয়ার জন্য। ফলে, ইহুদি ক্রীড়াবিদদের অংশগ্রহণে অনেক বাধা আরোপ করা হয়েছিলো। বার্লিন অলিম্পিক তাই কেবল খেলাধুলার প্রতিযোগিতা নয়, বরং রাজনীতি ও আর্থ-সমৃদ্ধি প্রচারের একটি শক্তিশালী মঞ্চ হিসেবেও ইতিহাসে স্থান করে নিয়েছে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পূর্ব ইউরোপীয় দেশগুলি অলিম্পিকের ন্যায় পবিত্র ক্রীড়াক্ষেত্রকে তাদের দেশের অর্থনৈতিক ব্যবস্থার শ্রেষ্ঠত্ব প্রচারের একটি প্রদর্শনী হিসেবে উপস্থাপন করে। অন্যদিকে পশ্চিমী দেশগুলি খেলাধুলাকে ব্যক্তিগত স্বাধীনতা এবং স্বাধীনতার আদর্শ প্রচারের আরেকটি উপায় হিসেবে দেখেছিলো। এর কুপ্রভাব হিসেবে কখনও কখনও আমরা রাষ্ট্রদ্বারা উৎসাহিত ডোপিং-এর ব্যবহার এবং অবশ্যই ক্রীড়া বাণিজ্য বা বিপণনের কথা বলতে পারি। অলিম্পিক বয়কটের বিষয়ে তর্ক-বিতর্ক শীতল যুদ্ধের আবহাওয়াকে তীব্রভাবে বিযুক্ত করেছিলো, এই বিষয়ে কোনো দ্বিমত থাকা উচিত নয়। ১৯৭৯ সালে আফগানিস্তানে সোভিয়েত ইউনিয়নের আক্রমণের প্রতিবাদে ১৯৮০ সালে মার্কিন যুক্তরাষ্ট্র মস্কো অলিম্পিক বয়কটের নেতৃত্ব দেয়। মোট ৬৫টি দেশ বয়কটে সামিল হয়, কিন্তু ৮০টি দেশ অংশ নেয়। এর চার বছর আগে আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (আইওসি) বর্ণবিদ্বেষী দক্ষিণ আফ্রিকা (দক্ষিণ আফ্রিকাকে পূর্বে অলিম্পিক থেকে নিষিদ্ধ করা হয়েছিলো) সফরকারী নিউজিল্যান্ড রাগবি দলকে নিষিদ্ধ করতে অস্বীকার করার কারণে ২৫টি আফ্রিকান দেশ ১৯৭৬ সালের মন্ট্রিল অলিম্পিক বয়কট করে। ১৯৮৪ সালের সোভিয়েত ইউনিয়ন লস অ্যাঞ্জেলেস অলিম্পিক বয়কটের নেতৃত্ব দেয়। ১৪টি দেশ “যুক্তরাষ্ট্রে সোভিয়েত-বিরোধী উন্মাদনা”র প্রতিবাদে অলিম্পিক বয়কট করে।

দ্য ব্ল্যাক পাওয়ার স্যালাউট

১৯৬৮ সালে অনুষ্ঠিত মেক্সিকো সিটি অলিম্পিকের মেডেল বিতরণ অনুষ্ঠানে আমেরিকান অ্যাথলেট টমি স্মিথ এবং জন কার্লোস হাজির হয়েছিলেন পায়ে জুতো ছাড়া কালো মোজা পরে। তাদের মতে, এগুলো ছিল কালো দারিদ্র্যের স্মারক। মেডেল লাভের পর পোডিয়ামের উপর দাঁড়িয়ে তারা তাদের কালো গ্লাভস পরা হাতও উঁচিয়ে ধরেছিলেন।

এই ঘটনার ফলে টমি ও জন ব্যাপক সমালোচনার শিকার হয়েছিলেন এবং তাদেরকে অলিম্পিক গেমস থেকে বহিস্কার করা হয়েছিলো। নিজের দেশ আমেরিকায় প্রত্যাবর্তনের পরও স্বদেশী অনেকেই তাদের এই কাজের কঠোর নিন্দা করে। তারপরও তারা এমন একটি দৃষ্টান্ত স্থাপন করেছিলেন যে সারা বিশ্ব আমেরিকার নাগরিক অধিকার আদায় সংগ্রামের ইতিহাসের অংশ হিসেবে আজও তাদের কথা স্মরণে রেখেছে।

এখানে একটি কথা উল্লেখ না করে পারা যায়না সেদিন পুরস্কার বিতরণী অনুষ্ঠানে দুই কৃষ্ণাঙ্গ আমেরিকান অ্যাথলেটের পাশাপাশি রৌপ্য মেডেলের পোডিয়ামে দাঁড়িয়ে ছিলেন একজন স্বেতাঙ্গ। তিনি অস্ট্রেলিয়ার পিটার নরম্যান। বাকি দুজন কী করতে চলেছেন সে সম্পর্কে ওয়াকিবহাল ছিলেন তিনি। তারপরও তারা যখন নিজেদের মতো করে প্রতিবাদ জানাচ্ছিলেন নিজের পোডিয়ামে নীরবে দাঁড়িয়ে থেকে তাদেরকে সম্মান জানিয়েছিলেন তিনি। এই বিষয়ে একাত্মতাও পোষণ করেছিলেন তিনি। এরপর থেকে টমি ও জনের সাথে তার এতটাই সুসম্পর্ক গড়ে ওঠে যে ২০০৬ সালে তার অন্ত্যেষ্টিক্রিয়ায় ‘পলবেয়ারার’ হিসেবেও ছিলেন বাকি দুজন।

পিংপং ডিপ্লোম্যাটি

বিস্ময়কর হলেও সত্য, গত শতাব্দীতে যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে প্রায় দুইয়ুগ সময় ধরে কূটনৈতিক সম্পর্ক বিচ্ছিন্ন ছিলো। পরবর্তীতে পিংপং বা টেবিল টেনিস খেলাকে কেন্দ্র করে দেশ দুটির মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আবার পুনঃপ্রতিষ্ঠিত হয়।

চীনের চেয়ারম্যান মাও সে তুঙ ১৯৭১ সালে যুক্তরাষ্ট্র পিংপং দলকে আমন্ত্রণ জানান চীন সফরের। সেই আমন্ত্রণে সাড়াও দেয় যুক্তরাষ্ট্র। পরের বছরই আবার ফিরতি আমন্ত্রণে যুক্তরাষ্ট্র সফর করে চীনা পিংপং দল। এভাবে অবসান ঘটে সুদীর্ঘ সময় ধরে অব্যাহত যুক্তরাষ্ট্র-চীন কূটনৈতিক দ্বন্দ্বের।

দক্ষিণ আফ্রিকায় বর্ণবৈষম্যের সমাপ্তি

দক্ষিণ আফ্রিকায় ১৯৪৮ থেকে ১৯৯১ সাল পর্যন্ত চলেছিলো এক ভয়াবহ বর্ণবৈষম্য বা সাদা-কালোর দ্বন্দ্ব। এই কথা সত্য যে খেলাধুলার মাধ্যমে এই বৈষম্যের সমাপ্তি ঘটেনি। তারপরও বলা যায় যে, এই বৈষম্যের অবসানে খেলাধুলার একটি বড় ভূমিকা ছিলো। ভয়াবহ বর্ণবৈষম্যের জের ধরে দেশটির বিভিন্ন ক্রীড়া দল যখন আন্তর্জাতিক অঙ্গন থেকে একে একে বহিস্কৃত হচ্ছিলো, তা নাড়া দিয়েছিল দেশটির শ্বেতাঙ্গ ক্রীড়াবিদদের মননে। তারাও ধীরে ধীরে বুঝতে শুরু করেছিলেন যে দেশের মজ্জাগত বর্ণবৈষম্য মোটেই গ্রহণযোগ্য নয়।

দক্ষিণ আফ্রিকার ক্রীড়া দলগুলোর বহিস্কারের সূত্র ধরেই বিশ্বব্যাপী অধিকাংশ মানুষ প্রথমবারের মতো দেশটির চরম বর্ণবৈষম্য সম্পর্কে অনুধাবন করতে সক্ষম হয়। কিন্তু খেলাধুলার হাত ধরেই এমন এক ঘটনার জন্ম হয়েছিলো যা আগে কেউ কোনোদিন ভাবতেও পারেনি। ১৯৯৫ সালে দেশের প্রেসিডেন্ট নেলসন ম্যান্ডেলা, ফ্রান্সোয়েস পিয়েনারের হাতে তুলে দিয়েছিলেন রাগবি বিশ্বকাপের ট্রফি। এরপর ম্যান্ডেলার মুখ থেকেই নিঃসৃত হয়েছিল খেলাধুলার দূরন্ত শক্তি বিষয়ক সর্বকালের সেরা ভাষণগুলোর একটি। তিনি সেদিন বলেছিলেন, “খেলাধুলার মধ্যে রয়েছে রূপান্তরের শক্তি। এটি গোটা বিশ্বকে বদলে দিতে পারে। এর রয়েছে মানুষকে অনুপ্রেরণা যোগানোর অপরিসীম ক্ষমতা। এর মতো মানুষকে একতাবদ্ধ করার শক্তি অন্য আর কিছুতেই নেই। তরুণ সমাজ এর ভাষা বুঝতে পারে। হতাশার মাঝে এটি আশার ফুল ফোটাতে পারে। বর্ণবিদ্বেষী বাঁধার দেয়াল ভেঙে চুরমার করে দিতে খেলাধুলা একটি শাসকের চেয়েও শক্তিশালী ভূমিকা পালন করে”।

নিকি উইনমারের আত্মপ্রত্যয়ী ঘোষণা

১৯৯৩ সালে অস্ট্রেলিয়ান ফুটবল লিগে ঘটেছিল একটি বিখ্যাত ঘটনা। সেইন্ট কিলডা দলে খেলতেন আদিবাসী খেলোয়াড় নিকি উইনমার। কলিংউডের বিপক্ষে খেলা চলাকালীন তাদের চিয়ারলিডার স্কোয়াডের সদস্যরা তার উপর বর্ণবিদ্বেষমূলক আক্রমণ চালায়। খেলা শেষে নিকি তার পরনের শার্ট উঁচিয়ে ধরে, নিজের বুকের দিকে নির্দেশ করে বলেন, “আমি একজন কৃষক এবং এর জন্য আমি গর্বিত।”

অস্ট্রেলিয়ান ফুটবল সংস্থা এই ঘটনাকে প্রশ্রয় দেয়নি। এর পরেই অস্ট্রেলিয়ান ফুটবল লিগে একটি আদিবাসী রাউন্ড যোগ হয় এবং ফুটবলের ঐতিহ্য ও বৈচিত্র্যের প্রতি সম্মান প্রদর্শন করা হয়। এখন দেশটির অন্যান্য ফুটবল লিগসহ ন্যাশনাল রাগবি লিগেও একই নীতি অনুসরণ করা হয়। কোনো ব্যক্তির বিরুদ্ধে বর্ণবৈষম্যের আচরণের অভিযোগ উঠলেই তার জন্য চরম শাস্তি অপেক্ষা করে। একইরমকভাবে অস্ট্রেলিয়ার সরকার ২০০০ সালের সিডনি অলিম্পিকে আদিবাসী সম্প্রদায়ের বিখ্যাত ক্রীড়াবিদ ক্যাথী ফ্রিম্যানকে বিশেষভাবে সম্মানিত করে। এখন প্রশ্ন হলো, এই ঘটনাগুলোর মধ্যে কতটা আন্তরিকতা আছে, আর কতটাইবা আছে রাজনৈতিক বাধ্যবাধকতা? এর অনুসন্ধান অন্য কোন দিন করা যাবে।

ইউরোপিয়ান ফুটবল ক্লাবগুলোর রাজনীতি সচেতনতা

ইউরোপের ফুটবল ক্লাবগুলোর মতো সরাসরি রাজনৈতিক আদর্শ অনুসরণের দৃষ্টান্ত পৃথিবীর অন্য কোনো অঞ্চলে, অন্য কোনো খেলার ক্ষেত্রেই নেই। ইউরোপে একটি ফুটবল ক্লাবকে সমর্থন করা মানে হলো ওই ক্লাব সংশ্লিষ্ট রাজনৈতিক মতাদর্শকেও সমর্থন করা।

স্কটল্যান্ডের সেল্টিক এবং রেঞ্জার্স হলো এই সংক্রান্ত একটি প্রুপদী উদাহরণ। সেল্টিক সমর্থকেরা সবসময়ই খেলার মধ্যে তাদের রাজনৈতিক মতাদর্শ প্রবেশ করাতে চেষ্টা করে এবং সাধারণত কেবল ক্যাথলিক সম্প্রদায়ের মানুষরা দলটিতে খেলার সুযোগ পায়। রেঞ্জার্সের ক্ষেত্রে ঠিক এর উল্টোটা ঘটে। আবার যখন সেল্টিক সমর্থকেরা সর্বদা বামপন্থী আন্দোলনে সম্পৃক্ত হয়ে থাকে, রেঞ্জার্স সমর্থকদেরকে দেখা যায় ডানপন্থী দলগুলোকে অনুসরণ করতে। এ এক বিচিত্র মনোভাব।

স্পেনের দিকে তাকালে দেখা যায়, রাজনীতি যেন খেলাধুলার মজ্জায় মজ্জায় মিশে আছে। রিয়াল মাদ্রিদ কিংবা বার্সেলোনার মধ্যে যেকোনো একটি দলকে সমর্থন করা মানে হলো ওই নির্দিষ্ট দলটির রাজনৈতিক মতাদর্শকে সমর্থন করা। রাজধানী মাদ্রিদের ক্লাব রিয়াল মাদ্রিদ কটুর ডানপন্থী স্বৈরশাসক ফ্রান্সিসকো ফ্র্যাঙ্কোর সাথে সংশ্লিষ্টতার সুবাদে বরাবরই রাজকীয় সুযোগ-সুবিধা পেয়ে এসেছে। অপরদিকে বার্সেলোনার স্লোগানেই রয়েছে, “Mes que un club”, অর্থাৎ তারা একটি ক্লাবের চেয়েও বেশি কিছু। ক্লাবটি কাতালান জাতীয়তাবাদী আদর্শ প্রচার করে, আঞ্চলিক গৌরবময় ঐতিহ্যের প্রতি নিধিত্ব করে আবার বিচ্ছিন্নতাবাদী আন্দোলনসমূহে সরাসরি সাহায্য করে।

ক্রীড়া সংগঠনের চিন্তা-ভাবনা

খেলাধুলার ক্ষেত্রে মাত্রাতিরিক্ত রাজনৈতিক অনুপ্রবেশ বিশ্বের তাবড় তাবড় ক্রীড়া সংগঠকদের চোখের ঘুম কেড়ে নিয়েছে। খেলার মাঠে সমর্থনা এমনকি খেলোয়াড়রাও রাজনৈতিক প্রতীক নিয়ে প্রবেশ করছে। ফিফার শৃঙ্খলা রক্ষা কমিটি “রাজনৈতিক” প্রতীক নিয়ে মাঠে প্রবেশ এবং খেলোয়াড়দের দ্বারা রাজনৈতিক স্লোগান বা প্রতীক প্রদর্শন নিষিদ্ধ করার জন্য বিভিন্ন নিয়ম চালু করার চেষ্টা করেছে। কিন্তু দুঃখের বিষয় হলো এই সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ফিফা সমালোচিত হয় এবং তারা এই তথাকথিত বিতর্কিত সিদ্ধান্ত প্রত্যাহার করে অবশেষে পিছু হটতে বাধ্য হয়।

২০২০ সালে টোকিও অলিম্পিক গেমসের আগে আইওসি ক্রীড়াবিদদের অতিসক্রিয়তা নিষিদ্ধ করার জন্য একটি আদেশ আইন জারি করেছিলো। সেখানে বলা হয়, “হাতের ইশারা বা হাঁটু গেড়ে বসা মত রাজনৈতিক প্রকৃতির অঙ্গভঙ্গি” সবই অলিম্পিক স্থলে নিষিদ্ধ। এটা অলিম্পিক সনদে উল্লেখিত “রাজনৈতিক নিরপেক্ষতার” নীতিটি আরও শক্তিশালী করে।

কেন খেলাধুলার সাথে রাজনীতি মেশে ?

অনেকেই দাবি করেন খেলাধুলা ও রাজনীতি একেবারেই ভিন্ন দুটি প্রতিষ্ঠান। তেলে ও জলে যেমন মেশেনা তেমনই খেলাধুলা ও রাজনীতিকেও কখনো এক করা উচিত না। কিন্তু প্রকৃত বাস্তবতা হলো পৃথিবীর ইতিহাস ঘাঁটলে শুধু উপরের ঘটনাগুলিই নয়, এমন অজস্র দৃষ্টান্ত সামনে আসবে যেখানে খেলাধুলার সাথে রাজনীতির সম্পৃক্ততা ঘটেছে।

এখন মনে প্রশ্ন জাগতে পারে, কেন খেলাধুলা ও রাজনীতিকে আলাদা করা যায় না? কেন এরা একে অপরের সাথে মিশে যায়? এর পেছনে কয়েকটি কারণ পাওয়া যায়:

- অধিকাংশ খেলাধুলাই ব্যক্তিগত বা এককভাবে খেলা হয় না। দলীয় খেলাগুলোতে একটি জাতীয় দল বা স্থানীয় ক্লাব নির্দিষ্ট কোনো জাতিগোষ্ঠীর প্রতিনিধিত্ব করে। আর সকল জাতিগোষ্ঠীরই নিজস্ব কিছু রাজনৈতিক মতাদর্শ থাকে। তাই স্বভাবতই ক্রীড়া দলগুলোও অভিন্ন রাজনৈতিক মতাদর্শেরই প্রতিনিধি হিসেবে বিবেচিত হয়।
- কোনো খেলা ব্যক্তিগত বা একক ভিত্তিতে খেলা হলেও খেলোয়াড়দের একটি নির্দিষ্ট জাতীয়তাবোধ কিন্তু সবসময়ই উপস্থিত থাকে। যেমন, একজন একক টেনিস খেলোয়াড় হয়তো সরাসরি কোনো দেশ বা অঞ্চলের প্রতিনিধিত্ব করছেন না। তবে যখন তিনি টেনিস কোর্টে নামছেন, তিনি কিন্তু নির্দিষ্ট দেশ বা অঞ্চলের নামেই পরিচিত হচ্ছেন। তাই অবচেতন মনেই সাধারণ মানুষ আশা করছে যে, ওই খেলোয়াড়টি নির্দিষ্ট দেশ বা অঞ্চলের প্রতিনিধিত্বকারী রাজনৈতিক মতাদর্শকেই সমর্থন করবেন।
- খেলাধুলাকে বাস্তবিকভাবে কখনোই নির্দিষ্ট সমাজ, জাতি, গোষ্ঠী, সম্প্রদায় বা দেশের গন্ডি ছাড়িয়ে, নিছকই একটি বিনোদনের উপাদান হিসেবে বিবেচনা করা সম্ভব নয়। বৃহত্তর পরিসরে একটি ক্রীড়াদল বা একজন খেলোয়াড় না চাইতেও তার উৎসের পরিচয়ই বহন করে। কোনো খেলোয়াড়ের পক্ষেই সম্ভব নয় তার উৎসকে অস্বীকার করে প্রতিযোগিতামূলক খেলাধুলা চালিয়ে যাওয়া।
- একজন খেলোয়াড়কেও সমাজ বহির্ভূত বিনোদন প্রদানকারী হিসেবে বিবেচনা করা অসম্ভব। সাধারণ মানুষ বিনোদনের মাধ্যমগুলোর মধ্যে খেলাধুলাকেই সবচেয়ে বেশি অনুসরণ করে। আর তাই খেলোয়াড়রাই তাদের আদর্শ ব্যক্তিত্বে পরিণত হয়। খেলোয়াড়দের জীবনশৈলী, ব্যক্তিত্ব বা পোশাক-আশাক থেকে শুরু করে তাদের রাজনৈতিক মতাদর্শ সবকিছুই মানুষকে প্রভাবিত করে। তাই একজন খেলোয়াড়ের পক্ষে চাইলেই তার সুবিশাল সমর্থকগোষ্ঠীর কথা ভুলে গিয়ে, নিজের মর্জি মতো যা খুশি তাই করা সম্ভব হয় না।

শেষ কথা

কেউ মানুষ আর না মানুষ, খেলাধুলা আর রাজনীতি মিলেমিশে একাকার হয়ে যায়। কখনো খেলাধুলা সাধারণ মানুষের চিন্তাভাবনাকে অনুরণিত করে, আবার কখনো দুই দেশের সম্পর্কের উষ্ণতাকে বাড়িয়ে দেয়। কিন্তু দল বাছাই করতে গিয়ে যখন নির্বাচকরা প্রাদেশিক রাজনীতিকে প্রাধান্য দেন তখন মানুষের মনে ক্ষোভের বারুদ ফুটতে থাকে। খেলাধুলার মতো এত বিপুল সংখ্যক দর্শক-শ্রোতা আর বিনিয়োগকারী যেহেতু আর কোনো বিনোদন মাধ্যমেরই নেই তাই যেকোনো ব্যক্তিবিশেষ কিংবা গোষ্ঠী তাদের প্রতিবাদের ক্ষেত্র হিসেবে খেলাধুলাকেই বেছে নেয়।

দিনশেষে খেলাধুলা কেবল মাঠের লড়াইতেই সীমাবদ্ধ থাকে না, মাঠের বাইরের বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সমীকরণও মিলিত হয়ে সেটিকে তাৎপর্যময় করে তোলে। এমতাবস্থায় কেউ চাইলেই খেলাধুলা আর রাজনীতিকে আলাদা করতে পারবে না। খেলাধুলা আর রাজনীতি তাদের আপন গতিতেই পরস্পরের সমান্তরালে এগিয়ে যাবে। সুতরাং “খেলার সাথে রাজনীতি মেশাবেন না,” এটা শুধু কথার কথা হয়ে থেকে যায় যুগের পর যুগ। গনমাধ্যম জুড়ে শুধুই দোষারোপ, বিপরীত সমালোচনা, কু-কথা আর নেতিবাচক শ্রোত। সুস্থ সমালোচনা কোথায়?

মনে রাখতে হবে, দিনের শেষে আমরা সবাই বিপণন আর বানিজ্যিক গনমাধ্যমের হাতের পুতুল। আপনি কোনো খেলোয়াড় বা খেলার দলকে অথবা দেশকে মনের সুখে গালি দিলেন, আপনি হয়তো সাময়িক মানসিক সুখ পেলেন, কিন্তু আপনার গালি, কু-কথা আর নেতিবাচকতা আপনার অজান্তে বিক্রি হয়ে গেলো। এর বিনিময়ে শুনেছি আপনিও কিছু অর্থ আগমের রাস্তা তৈরি করতে পারেন, কিন্তু বৈরিতা বিক্রি করে কত দিন ভালো থাকা যায়? আমার প্রশ্ন থাকলো।

আমরা স্রেফ এটুকু আশা করতে পারি যে, খেলাধুলার সাথে যেন অসুস্থ রাজনীতি না মেশে, ঘুনধরা রাজনৈতিক অচলাবস্থা যেন ক্রীড়াক্ষেত্রকেও কলুষিত না করে দেয়। বরং খেলাধুলা হোক সকল অন্যায়ে-অবিচারের বিরুদ্ধশক্তি। আমার শেষ কথাতেও কি কিছু রাজনৈতিক গন্ধ পেলেন? অকারণ পেশি আসফালন বা রাজ শক্তির হুক্কার যদি সাধারণ মানুষের জীবন-জীবিকার অন্তরায় হয় আর গনতন্ত্রকে ধংস করে, তবে তার প্রতিবাদ হওয়া অবসম্ভাবী, কিন্তু তা যেনো খেলার মাঠে শরীরের দম-শক্তি-ক্ষমতা আর মস্তিষ্কের বোধ মিশিয়ে দেওয়া হয়, মাঠের বাইরে নয়।



আন্তর্জাতিক ডোপিং সংস্কৃতি ও আমাদের দেশ

পৌলমী ঘোষ



About the author: Dr. Poulami Ghosh is working as Assistant Professor in Physical Education at the Department of Physical Education, Union Christian Training College, Barhampur, Murshidabad. She is a good writer and her subject of writing is always different. She usually focuses on such an unknown fact in her writing that needs to be discussed in modern life. In present writing she writes on such a topic which is very much relevant with the field of competitive sports. Interested readers may communicate with her through her e-mail : poulami1604@gmail.com

ইকারাস গ্রীক পুরাণের পরিচিত রূপক চরিত্র। সূর্যের কাছে পৌঁছানোর দুরাশায় মজে ছিল সে। অথচ নিজের ওড়ার ক্ষমতা ছিল না। নির্ভর করতে হয়েছিল কৃত্রিম ডানায়। কিন্তু ধূর্ত প্রচেষ্টায়ও তার অমূলক আকাঙ্ক্ষা পূরণ হয়নি। সূর্যের তেজে মুহূর্তে ডানার মোম গলে সলিল সমাধি হয় ইকারাসের। ওড়া তো দূরের কথা সে আর উঠে দাঁড়াতে পারেনি; আজমেনীয় সাগরের অতলে তলিয়ে যায় চিরকালের জন্য। ইকারাসের এই গল্প এখনও মানুষের মুখে মুখে ফেরে।

কিন্তু এখনকার ইকারাসের খবর কজনই বা রাখে? সাড়া জাগানো 'ইকারাস' ডকুমেন্টারি ফিচারে নব্বইতম অস্কার জয়ী সিনেমা। ক্রীড়া ক্ষেত্রে প্রবঞ্চনার মধ্য দিয়ে উচ্চাশা পূরণ, নাম, অর্থ, যশের শিখরে পৌঁছানোর নেশা এবং পেশার রোমহর্ষক ধারাবিবরণী দিয়েছে তথ্যচিত্রটি। ছবির পরিচালক ব্রায়ান ফোগালের বাস্তব অভিজ্ঞতা আর সংগৃহীত তথ্য ও নমুনার উপর ভিত্তি করে তৈরি হওয়া এই সিনেমায় ক্রীড়া ক্ষেত্রে এবং ডোপিংয়ের প্রেক্ষাপট দেখানো হয়েছে। ডোপিংয়ের উদ্দেশ্য সব ক্ষেত্রে এক নয়। বৃহত্তর পরিসরে ক্ষমতা প্রদর্শন, ক্রীড়াকে জাতীয় ব্র্যান্ডে বা সফট পাওয়ারে পরিণত করা অথবা দেশীয় পরিসরে ক্রীড়া সংস্কৃতিকে মজবুত করার জন্য এক একটি দেশ বিচিত্র পদ্ধতিতে ডোপিং করছে। নাশকতা হচ্ছে মানব সভ্যতার সাথে।

স্পোর্টস ডোপিংয়ের গুরুঠাকুর রাশিয়া। রাশিয়ার অ্যান্টিডোপিং ল্যাবরেটরিগুলো আসলে স্টেট স্পন্সর ডোপিং প্রোগ্রামিং ল্যাব। রয়েছে বিশেষ ইউনিভার্সিটি। চরম উৎকর্ষতায় খেলার মাঠের চৌর্ষ বিদ্যায় শিল্প আর বিজ্ঞানের প্রলেপ দেওয়া হচ্ছে। তবে রাশিয়ায় ডোপিং এতটাই আধুনিক যে তাতে সংযুক্ত হয়েছে তথ্য লোপাটের প্রযুক্তি এমনকি আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সও। রাশিয়ান ডোপিং ইন্ডাস্ট্রির সামনে ওয়াডার প্রযুক্তি, টেস্টিং প্রটোকল একেবারেই ম্যাডম্যাডে। তবে কিছু ইভেন্টস বা গেমসে আর্গোজেনিকের ব্যবহার ছাড়াই রাশিয়া শীর্ষে থাকার ক্ষমতা রাখে। তবুও ডোপিং করছে। কোনো রাখ ঢাক নেই; প্রস্তুতি পর্ব থেকেই রাষ্ট্র অ্যাথলিটদের স্টেরয়েডসহ নানা নিষিদ্ধ রাসায়নিক পরিষেবা দিচ্ছে। এই প্রবণতা দেখে মনে হয় যেন ডোপিংয়ের জন্যই রাশিয়া খেলাধুলো চালিয়ে যাচ্ছে।

কিন্তু পৃথিবীর সর্বত্র ক্রীড়া সাফল্যের জন্য ডোপিং চলছে। রাষ্ট্রীয় সহযোগিতা ছাড়াই আমেরিকায় ডোপিং যথেষ্ট আধুনিক। আমেরিকান অ্যান্টিডোপিং আইনে কঠিন শাস্তির প্রথা আছে। রাষ্ট্র খেলাধুলার উপযুক্ত পরিবেশও তৈরি করে দিয়েছে। তবু ক্রীড়া আধিপত্য নিশ্চিত করার জন্য সেখানেও ডোপিংয়ের ঘটনা ঘটে। আফ্রিকার বিভিন্ন দেশেও ডোপিংয়ের রমরমা। এদের ডোপিংয়ের উদ্দেশ্য মূলত একটি স্থায়ী শক্তিশালী ক্রীড়া সংস্কৃতি তৈরি করা। খেলাধুলার জগতে অস্তিত্ব প্রতিষ্ঠা। আর্থ-সামাজিক দুর্বলতার কারণে আফ্রিকান দেশগুলো প্রাথমিক স্তরে পর্যাপ্ত পরিমাণে আধুনিক স্পোর্টস ফেসিলিটিস পায় না। সমাজ বিজ্ঞানীদের একাংশের দাবি উন্নত ও আধুনিক অনুশীলন সামগ্রী বা উপযুক্ত সহায়ক দ্রব্যের অভাবের জন্যই তারা নানা প্রকার স্থানীয় হার্বসের ব্যবহার করে। এর মধ্যে থাকা জৈব রাসায়নিক কখনও সখনও অজান্তেই মিলে যায় ওয়াডার অবৈধ তালিকার সাথে। আবার তাদের ব্যাপক প্রচলিত জুজু বিদ্যায় রাসায়নিকের উপস্থিতি ছাড়াই নাকি ক্রীড়া মান বাড়ে। এটা মিথ। তাদের নির্ভরশীলতা। ক্রীড়া মনোবিজ্ঞান মনে করে সুপারস্টিশন অনেক ক্ষেত্রেই পারফরমেন্স এনহ্যান্সিং। ভাই ওয়াডাও বিষয়টিকে ডোপিংয়ের পর্যায়ে ফেলেছে। সে যাই হোক, এই পরম্পরা তাদের নিজস্ব।

কিন্তু আমাদের দেশে এমন কোন পরম্পরা, ইউনিভার্সিটি বা ইন্ডাস্ট্রি কোনোটাই নেই। আবার পৃথিবীর অন্যান্য দেশের মত ক্রীড়া সাফল্যও নেই। কিন্তু আশ্চর্যের বিষয় আমরা ওয়াডার দেওয়া ২০২৩ সালের রিপোর্ট অনুযায়ী

ডোপিংয়ে রূপালী সাফল্যকে স্পর্শ করে ফেলেছি। হয়তো অচিরেই আমরা এই তালিকায় প্রথম স্থানে উঠে আসবো।

আমাদের দেশে অল্প বয়সী খেলোয়াড়দের মধ্যে ডোপিং প্রবণতা বেশি। বিভিন্ন বেসরকারি সমীক্ষা বলছে এর মূল কারণ অনিশ্চিত ক্রীড়া ভবিষ্যত। সব খেলোয়াড়দের গন্তব্য আন্তর্জাতিক বা জাতীয় সাফল্য নয়। দরিদ্র পরিবারের মেধাহীন সন্তান খেলে সরকারি চাকরির আশায়। কিন্তু খেলার মাধ্যমে সরকারি চাকরির সুযোগ নিম্নমুখী। মুষ্টিমেয় সুযোগের সদ্ব্যবহারের জন্য মরিয়া হয়ে শুরু থেকেই তাদের নিষিদ্ধ রাসায়নিক দেওয়া হয়। পাখিপড়ানোর মতো করে প্রশিক্ষক যা বলেন অপরিণত বুদ্ধিতে অ্যাথলিটরাও তাই করে। প্রশিক্ষকদেরও এর জন্য দায়ী করা যায় না। তারা ঢাল তরোয়াল ছাড়াই নিধিরাম সরদার। আবার ডোপিংয়ে প্রশিক্ষকদের শাস্তির ব্যবস্থাও নেই। তাই অনেক প্রশিক্ষকই অবৈধ ডোপিংয়ে ভরসা করছেন। রাশিয়ার মত ভারত ডোপিংয়ে মদত দেয় না। কিন্তু আইনানুগ ব্যবস্থাও নেয় না আমেরিকার মত। তাই সারা দেশে একটি প্রচ্ছন্ন ডোপিং সংস্কৃতির চোরা শ্রোত বইছে।

সত্যি বলতে, এদেশে প্রাথমিক স্তরে খেলাধুলা চালিয়ে যাওয়া যথেষ্ট কঠিন। দেশজুড়ে পলিসি পরিকাঠামো এবং উপযুক্ত সহযোগিতার অভাব। জাতীয় স্তরে বা রাজ্যস্তরে সরকারি সহায়তা হয়তো কিছু আছে কিন্তু তা কোনো কাজে আসে না। নিম্নবিত্ত পরিবারের খেলোয়াড়দের প্রতি আলাদা করে কোনো ভাবনাচিন্তা নেই। পরিকল্পিত ভাবে সরকারি অনুদান বা বৃত্তি জরুরী। তবে চারিপাশের ক্লাব কেন্দ্রিক সরকারি ক্রীড়া অনুদানের পরিণতিতে দেশীয় ক্রীড়া সংস্কৃতির শুধু নয় ধরা পড়েছে সামাজিক দূষণের চিহ্নও।

আসলে আমাদের আদৌ ক্রীড়া সংস্কৃতি বলে কিছু নেই। তবু ব্যক্তি বা গুটিকয়েক মানুষের মিলিত প্রচেষ্টায় আন্তর্জাতিক স্তরে একটা হস্ত ভারতীয় ক্রীড়া ভবিষ্যতের সম্ভাবনা তৈরি হয়েছিল এককালে। কিন্তু ক্ষমতাবানদের স্বৈচ্ছাচারে ক্রমশ অমার্জিত হয়ে উঠেছে ভারতের ক্রীড়াঙ্গন। তবু খেলোয়াড় আসে। ঠকেও যায়। যেখানে নীতি, অনীতি বা দুর্নীতি সমান, সেখানে ঠকে যাওয়া বা জিতে যাওয়া খুব মামুলি, সাময়িক একটা বিষয়। সুবিধাবাদীদের তাগুবে অস্তিম মর্যাদা টুকুও ধুলিসাং হয়ে গেছে। ফলে পরিশ্রমী খেলোয়াড় আর তাদের সনিষ্ঠ প্রশিক্ষকদের সাধনা কঠিন হচ্ছে। এদেরই মধ্যে কাণ্ডজ্ঞানহীন কেউ কেউ বেছে নিচ্ছেন অবৈধ বিকল্প। অথচ বিকল্প মহাবিদ্যার সূক্ষ্ম আধুনিক প্রয়োগ কৌশল সম্পর্কে সামান্যতম ধারণাও নেই তাদের। তাই প্রাপ্তি সমবেত অপযশ। ক্রীড়া বিশ্বে একমাত্র ক্রিকেটই ভারতীয় ঐতিহ্যের পতাকা উড়াচ্ছে। ভারতীয়দের কাছে ক্রিকেট আর ক্রীড়া একেবারে আলাদা, কিন্তু ডোপিংয়ের উজ্জ্বলতা এক। জানতাও দোনমনো না করে ডোপিংয়ের দায়ে নির্বাসিত ক্রিকেটারকে জনপ্রতিনিধি তৈরি করছে।

আমাদের সবার মিলিত প্রচেষ্টায় ভারতীয় ক্রীড়া সংস্কৃতি মুখ খুবড়ে পড়েছে। ইকারাসের মত। লেখা হচ্ছে নিমজ্জনের মহাকাব্য।

অনাথ ভোলা

আশিস মাইতি



লেখক পরিচিতি : আশিস মাইতি এই কলেজেরই একজন শিক্ষাকর্মী যার দায়িত্ব কলেজের মাঠের যত্ন নেওয়া এবং শিশু চারাগাছগুলিকে বড় করে তাতে রঙিন ফুল ফোটানো। বিগত প্রায় দশ বছর ধরে সেই কাজ নির্ভর সঙ্গে পালন করে চলেছেন তিনি। তার মধ্যে একটি লেখক সত্ত্বাও লুকিয়ে আছে। সমাজমাধ্যমে নিজের পরিসরে তিনি নিয়মিত লেখেন। বর্তমান লেখাটিও তার সেই সুপ্ত লেখক সত্ত্বার বহিঃপ্রকাশ।

(১)

নাম তার ভোলা। সবাই তাকে এ নামেই ডাকে। ভোলার পরিচয় সে অনাথ। যতদূর শোনা যায় ভোলার বাড়ি ছিল সুন্দরবন অঞ্চলের একটি প্রত্যন্ত গ্রামে। এক সময় ভোলার বাবা, মা, ঘর সবই ছিল। কিন্তু কালক্রমে সে তাদের সবাইকে একে একে হারিয়েছে। ভোলার বাবা কাঁকড়া শিকার করে যে টুকু আয় করতো তা দিয়ে কোনক্রমে দু'বেলা আহার জুটতো। তার মায়ের বয়স যখন চোদ্দো বছর, তখন তার দাদু মায়ের বিয়ে দেন। ভোলার বয়স যখন সবে মাত্র চার, তখন অপুষ্টি ও রক্তাক্ততার কারণে ভোলার মা অসুস্থ হয়ে বিনা চিকিৎসায় মারা যান। আর তার কিছু দিনের মধ্যেই ভোলার বাবা কাঁকড়া ধরতে গিয়ে দক্ষিণরায়ের আক্রমণে প্রাণ হারান। আর সে দিন থেকেই ভোলার অনাথ জীবনের সূচনা।

এরপর কিছুদিন কয়েক জন প্রতিবেশী পালা করে দুবেলা ভোলার জল-খাবারের ব্যবস্থা করলেন। কিন্তু ভোলাকে চিরকাল দেখভাল করবে কে? ভোলার আপন বলতে তো আর কেউ ছিল না। অতঃপর সবাই ভোলাকে নিয়ে কি করা যায় সেই চেষ্টা করতে লাগলেন। কালক্রমে ঠিক সেই সময় কলকাতা থেকে একটি সেচ্ছাসেবী সংস্থা কিছু তথ্য সংগ্রহের জন্য সেখানে গিয়েছিলেন আর তাদের কাছে গ্রামের লোকেরা ভোলার বিষয়টি তুলে ধরেন। পরবর্তী পর্যায়ে ঐ সেচ্ছাসেবী সংস্থার সাহায্যে ভোলার কলকাতার উপকণ্ঠে একটি ভালো মিশন স্কুলে পড়াশোনা সহ থাকা খাওয়ার ব্যবস্থা হয়ে যায়।

শুরু হয় অনাথ ভোলার নতুন জীবন। নতুন ঠিকানায় দেখতে দেখতে তিন বছর কেটে যায়। বর্তমানে ভোলার বয়স সাত। সে এখন আশ্রম জীবনে অভ্যস্ত হয়ে পড়েছে। প্রত্যহ কাকভোরে সে বিছানা ছাড়ে, তারপর মিশনের বাগানে ফুলের গাছ থেকে ঠাকুরঘরের জন্যে বড় সাজীতে করে ফুল তোলে। এরপর বাগানের অন্যান্য ফুল গাছের পরিচর্যা ও জল দেওয়ার কাজ করে। নিজের বিছানা, জামাকাপড়, বইপত্র, ইত্যাদি গুছিয়ে রাখে এবং তারপরেই ঘন্টা বাজিয়ে প্রার্থনার জন্য সবাইকে সতর্ক করে। সকালের সামান্য জলখাবার, দুপুরের প্রাত্যহিক আহারের পর মিশনের স্কুলে সারাদিন পড়াশোনা করে। বিকেলে সবজি বাগানে পরিচর্যা করা ও সবজি সংগ্রহ করা তার নিয়মিত অভ্যাসে পরিণত হয়। সন্ধ্যায় প্রার্থনার পর সামান্য টিফিন ও ঘন্টা দুয়েকের বিদ্যাভ্যাস করে রাতের আহারের পরেই নিজের বিছানায় শুয়ে পড়ে সে।

কিন্তু সবাই ঘুমিয়ে পড়লেও ভোলার ঘুম আসে না। ঘর অন্ধকার হলে তার চোখে মায়ের ছবি ভেসে ওঠে। মায়ের জন্যে তার খুব কষ্ট হয়। অন্ধকার যত গাঢ় হয়, ছোটবেলায় দেখা মায়ের মুখটা ততই স্পষ্ট হতে থাকে; চোখ থেকে দু'ফোটা জল বালিশে গড়িয়ে পড়ে। তারপর মনের অজান্তেই কখন না জানি ঘুমিয়ে পড়ে সে।

(২)

দেখতে দেখতে দশ বছর গড়িয়ে যায়। ভোলার বয়স এখন সতেরো। এর মধ্যে ভোলা মাধ্যমিকে খুব ভালো ফল করে উচ্চমাধ্যমিকে বিজ্ঞান বিভাগে ভর্তি হয়। পড়াশুনার ব্যস্ততা তাই আরও বাড়ে। আশ্রমের আবাসিকদের মধ্যে সে সবারই খুব প্রিয়পাত্র হয়ে ওঠে।

মিশনের অনতিদূরে একটি নদী বয়ে গেছে। নদীর পাড়ে গোটা ছয়েক তালগাছ সহ একটি বড় বটগাছ আছে। ঐ তালগাছের কাছে নদীর পাড়ে জেলেদের কয়েকটি ছোট নৌকা বাঁধা থাকে।

ভোলা প্রায়দিনই ঐ নদীর পাড়ে যায়। দুটি তাল গাছের মাঝে চুপ করে দাঁড়িয়ে নদীর জলের দিকে তাকিয়ে থাকে। এখন সে কিছুটা বড় হয়েছে। হয়তো সেকারণেই তার হারিয়ে যাওয়া বাবাকে বেশী করে মনে পড়ে। নদীর জলের উপর বাবার অস্পষ্ট ছবিটা প্রায়ই ভেসে ওঠে; তখন মনের মধ্যে গুমরে থাকা নানান প্রশ্নের উত্তর খোঁজে সে; আর ভাবে একটু আর্থিক রোজগার যদি তার বাবার থাকতো তাহলে হয়তো বাবাকে ঝুঁকি নিয়ে কাঁকড়া ধরতে যেতে হতো না বা দক্ষিনরায়ের আক্রমণে বাবার মৃত্যুও হতো না। ভগবান কেন যে একজনের কাছ থেকে এমন ভাবে সব কেড়ে নেন, কে জানে! ভোলার চোখ দুটো ঝাপসা হয়ে আসে। দু চোখ দিয়ে জল গড়িয়ে পড়ে।

হঠাৎ সহপাঠীদের ডাকে ভোলার হুঁস ফেরে। চোখের জল মুছে ফিরে আসে আশ্রমের বিদ্যালয়ে।

(৩)

ভোলা এখন রীতিমত জোয়ান। ইতিমধ্যে সে সাফল্যের সঙ্গে উচ্চমাধ্যমিক ও কলেজের গন্ডি পার করেছে। এখন তাকে মিশন থেকে বিদায় নিতে হয়েছে। মিশনটির অনতিদূরে একটি বড় রেলওয়ে স্টেশন আছে, যেখানে মেল ট্রেন সহ লোকাল ট্রেনগুলি দাঁড়ায়। বহু যাত্রী যাতায়াত করেন। ওই স্টেশনের কাছেই ভোলার সহপাঠী এক বন্ধুর বাবার একটি নামকরা ভাতের হোটেল আছে। ভোলা সেখানে বাজার করা ও হিসেব দেখার কাজ নিয়েছে। খাওয়া থাকা সব ওখানে। সকাল থেকে রাত পর্যন্ত হোটেল খোলা থাকে। ভোলার এখন ব্যস্ততার অন্ত নেই।

ভোলার সঙ্গে কলেজের গন্ডি পেরনো অনেক সহপাঠী বন্ধুরা সরকারি স্কুলে ও বিভিন্ন সংস্থায় চাকরি করছে। তার সহপাঠী ঐ হোটেলের মালিকের ছেলে বরণও বাগদার কাছে একটা স্কুলে চাকরি পায়। তার থেকে শিক্ষাগত মূল্যায়নে অনেক পিছিয়ে থাকা সত্ত্বেও বরণ তার বাবার পরিচিতিতে কাজে লাগিয়ে প্রতিষ্ঠিত মাস মাইনের চাকরিটি পেয়ে যায়। সে জানতে পারে এর জন্যে নাকি তাকে মোটা অঙ্কের অর্থ ঘুষ দিতে হয়েছে। এই খবরটা ভোলাকে বেশ হতাশ করে। মনে ভাবে, ‘আমার বাবাও নেই আর অর্থও নেই, আমার চাকরি হবে কি ভাবে? আমি যে অনাথ!’

(৪)

সারাদিন কর্ম ব্যস্ততা কাটিয়ে রাতে ভোলা হোটেলের ভেতরে একদিকে একটি ছোট ঘরে শোয়। ছোট তক্তপোশের মাদুর পাতা শক্ত বিছানায় সে ঘুমোয়। যে বালিশ খানা মাথায় দেয়, তার তলায় সে খুব যত্ন করে একটি পলিথিনের প্যাকেট লুকিয়ে রাখে। তাতে আছে তার এ পর্যন্ত পাওয়া সমস্ত শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট। প্রতি রাতে শোবার আগে এক বার করে সে সেগুলো দেখে নেয়, তার পর সেটি আবার বালিশের তলায় ঢুকিয়ে দিয়ে বালিশে মাথা দেয়। আর ভাবে তার অর্থ নেই বলেই হয়তো ভালো একটা চাকরি জুটলো না। আজকের দিনে অর্থই সব। যার টাকা আছে তার সব আছে, যার তা নেই তার কিছুই নেই!

ভোলার মনের ভেতরটা ভেঙ্গে খান খান হয়ে যায়। বুকের ভিতরে একটা কষ্টের পাথর চেপে বসে। গলার কাছে একটা যন্ত্রণা পাক দিয়ে গলার স্বরকে চেপে ধরে। ভোলা চিৎকার করে বলতে চায়, “আমার ও তো সুন্দর ঘর ছিল, ছিল আমার মা, বাবা। তাহলে কিসের জন্য, কাদের জন্যে তাকে আজও অনাথ তকমার ঝুলি কাঁধে বয়ে বেড়াতে হচ্ছে? যোগ্যতার মাপকাঠিতে আমিও তো কারোর থেকে পিছিয়ে নেই! তবে কেন আজ আমার এই দশা?”

কিন্তু তার মুখ দিয়ে কোনো আওয়াজ বের হয় না। শুধু গোঁ গোঁ করে একটা তীব্র গর্জন হোটেলের ছোট ঘরটায় ছড়িয়ে পড়ে। ভোলার ঘুম ভেঙে যায়। ধড়পড় করে উঠে বসে সে। বালিশের তলায় রাখা যোগ্যতার মাপকাঠিতে মাপা কাগজগুলোকে টেনে বের করে সে। দেওয়ালের ফাঁক দিয়ে আসা এক চিলতে স্টেশনের আলোয় সেগুলো ভালো করে দেখে। বুকে জড়িয়ে ধরে তার যোগ্যতা ও তার সার্টিফিকেট গুলোকে। ঐগুলোই তো তার সম্পদ, তার অস্তিত্ব। পরক্ষণেই ভোলা ভয় পায়, কোনদিন না আবার বালিশের তলায় রাখা এই যোগ্যতার কাগজগুলো তার থেকে অনাথ হয়ে যায়।

ঠিক তখনই ভোরের প্রথম লোকাল ট্রেনটি সশব্দে মাটি কাঁপিয়ে চলে যায় গন্তব্যের দিকে।

(৫)

রোজ শোয়ার আগে ভোলা একবার করে তার সার্টিফিকেটগুলো দেখে নেয়; তার পর চোখ বন্ধ করে মনে মনে সুদিনের স্বপ্ন দেখে।

হোটেল মালিক বিশুবাবু লোকটি খারাপ নন। তিনি ভোলাকে সন্তান সম স্নেহ করতেন; হয়তো অনাথ বলেই। কিন্তু একথা তিনি কোন দিন ভোলাকে বুঝতে দেননি।

বিশুবাবুর বয়স হয়েছে। তার বিশ্বস্ত ভোলা এখন ব্যবসার সবটাই সামলে দেয়। তাই বিশুবাবুকে হোটেলে আর আসতেই হয় না। বিশুবাবুর ছেলে ভোলার বন্ধু বরণ সেও এখন প্রতিষ্ঠিত।

সেদিন রবিবার, সবে পুণের আকাশ সাদা হচ্ছে। হোটেল শুরুর তাড়া নেই, তাই রান্নার ঠাকুর সহ সবাই ঘুমোচ্ছে। এমন সময় বাইরে থেকে ‘ভোলা’, ‘ভোলা’ বলে চিংকারে ঘুম ভেঙে গেল ভোলার।

ভোলা হোটেলের গেটটা খুলে বাইরে আসে। এত সকালে বাইরে বিশুবাবুকে দেখে ভোলা হতভম্ব হয়ে পড়ে। কোনক্রমে চোখ মুখটা ধুয়ে একটা চেয়ার এগিয়ে দেয়। বলে, ‘জেরু এত সকালে? সবাই ভালো আছেন তো? কারোর কোন বিপদ আপদ হয় নি তো?’

বিশুবাবু ভোলার অবস্থাটা বুঝতে পেরে বললেন, ‘আরে না, না; সেসব কিছু নয়। সবাই ভালো আছে, চিন্তার কারণ নেই।’

ভোলা আরও হতভম্ব হয়ে পড়ে। তাহলে কি তার কিছু দোষ ত্রুটি হল! আর সে কারণেই কি বিশুবাবু তাকে শাস্তি দিতে এসেছেন! কিছুদিন আগে একটা ঘটনায় ভোলা বিশুবাবুকে না বলে এলাকার এক প্রভাবশালী নেতার লোকেদের সঙ্গে বামেলায় জড়িয়ে ছিল বটে, মনে পড়ল তার।

বিশুবাবুর সঙ্গে তার ছেলে বরণও এসেছে। সে তাকে জড়িয়ে ধরে বলে, ‘আজ থেকে এখানে তোমার দিন শেষ।’

ভোলা কিছু বুঝতে পারে না। বরণের কথা শুনে ভোলা কিছুটা কঁকড়ে ওঠে! ভাবে আবার একবার কি তার অনাথ হবার সময় চলে এল?

চেয়ারে বসে বিশুবাবু দলিলের মত একটি কাগজের প্যাকেট ভোলার হাতে ধরিয়ে দিয়ে বললেন, ‘তুমি আমার ছেলের মতো, ভোলা। আজ থেকে এই হোটেলের মালিক তুমি। আমি সমস্ত কাগজ পত্র তোমার নামে করে দিয়েছি। এই নাও সেই দলিল।’

ভোলার অবাক হয়ে চেয়ে থাকে বিশুবাবুর দিকে।

‘আর একটা কথা’, বলে বিশুবাবু শেষ করেন, ‘আজ থেকে তুমি আমার বাড়িতে আমার ছেলের মতোই থাকবে। দেখো বরণও এসেছে তোমায় নিয়ে যেতে।’

বরণ ভোলার কাছে এসে ভোলাকে জড়িয়ে ধরে বলে, ‘ভাই বাড়ি চল। মা আমাদের জন্যে অপেক্ষা করছে।’

ভোলার জীবনে নতুন অধ্যায় শুরু হয়। বিশুবাবুকে প্রণাম করে সে। আজ থেকে সে আর অনাথ নয়।

হোটেলের ছোট ঘরে তখন সকালের মিষ্টি রোদ এসে পড়েছে। হোটেলের অন্যান্য কর্মচারীরা সবাই হই হই করে দৌড়ে আসে।

ভোলার দৃষ্টি বালিশের নিচ থেকে উঁকি দেওয়া পলিথিনের মোটা প্যাকেটের দিকে যায়। সে বোঝে তার জীবনে সেটার আর কোন দরকার নেই।

College Activities 2024-25



**Maharaj Dharmarupanand Ji & Mr. Sanjib Kr Chatterjee
in the Swamiji's 162 Birth Day Program**



**Mr. Ramesh Chandran, Resource Person
in the Environment Care Program**



**Dr. Shyamal Mazumdar at
Bratachary camp**



**Arjun Awardee & Padmasri Mrs. Mouma Das, Olympian
as Guest-in-Chief in the Project Athletic Meet -2025**



**Dr. Samiran Mondal, Professor,
Visva-Bharati in Yoga Workshop**



**Dr. Sebanti Bhattacharya, OIC,
SNGGDCG in the Thalassemia Prevention Camp**



**Resource Person from the Kolkata Police
Cyber Cell in the Cyber Security Seminar**



**Dr. Limon Saha & Dr. Manoj Murmu in
the Govt. Scholarship & SCC Program**

College Activities 2024-25



March past team of WBCIPE-25



Educational Tour at LNIPE,
Gwalior of MPed Sem-4 in 2025



Swimming Course of BPEd-1 and MPed-1
Students at Rabindra Sarobar



Champion Team Member of SIPEW in
WBCIPE Meet-2025



SIPEW Athletic Team-Champion
in South Kolkata District Meet 2025



SIPEW KhoKho Team-Champion
in South Kolkata District Meet 2025



Adventure Activity of MPed-1 in Buxa
Tiger Reserve Forest, North Bengal



SIPEW KhoKho Team-Champion in
Inter College Meet 2025 of CU

তোমাকে ভাবছি
উৎসাহ বিশ্বাস (B.P.Ed. Sem-1)

তোমাকে ভাবছি,
তোমাকে নিয়ে ভাবতে ভালো লাগে
আমাদের 'চারিপাশে দৃশ্য, দৃশ্যান্তরে
তোমারি চোখের আলো মাখানো রয়েছে।
আজও হরিপদ ইনস্টিটিউশনের প্রতিটি কক্ষ
তোমারি পদচিহ্নে ধন্য হয়ে, পূর্ণভূমিতে পরিণত হয়েছে।
সেই যে তুমি ছাত্রছাত্রীদের বলতে-
তোদের সব কটার ছাগলের চোখ,
জ্বলজ্বল করে - কিন্তু কিছু দেখতে পাস না।
আজও কানে বাজে....

তোমাকে ভাবি, তোমাকে নিয়ে ভাবতে ভালো লাগে
তোমাকে স্মরণ করে
আম আঁটির-ভেঁস্পু নিয়ে খেলতে ভালো লাগে
সেই যে তুমি আমাদের -
বন-কলমি, ঢোল কালাম, বনসীম বা অপরাজিতা-
চিনতে শিখিয়েছো
সেই যে তোমার
ব্যারাকপুরের ভিটা, বিভূতিঘাট, ইচ্ছামতি নদী বা তার তীর
সেখানে বিকালে তুমি গা ধুতে যেতে
আজও আছে অমলিন।



তোমাকে ভাবি,
তোমাকে নিয়ে ভাবতে ভালো লাগে,
তোমার ব্যবহার করা জামা, তোমার হরিপদ ইনস্টিটিউশনে পাঠদান
তোমার গোপালনগর-ব্যারাকপুর এলাকা
কিংবা তোমার প্রিয় ইচ্ছামতি, তারা ধরা খেলা,
আজও ধরা দেয় আমাদের মাঝে-
আর মনে করায় তোমার সেই কথা
আমি তোমাদের-ই একজন।

খেলার পাঠশালা.....

মল্লিকা বৈদ্য (B.P.Ed. Sem.-3)

বইয়ের পাতায় অক্ষর যত

চার দেওয়ালের ঘরে শিখি শত।

কিন্তু খোলা মাঠের রৌদে দাঁড়িয়ে

শিখি সময় জ্ঞান, শৃঙ্খলাবোধ হেসে ও গেয়ে

বই দেয় শুধু পুঁথিগত জ্ঞান

খেলা দেয় সুস্থ শরীর, হাসি-খুশি মন।

গণিত শেখায় যোগ আর বিয়োগ

খেলা শেখায় দলবদ্ধ যোগ,

কলমে আঁকা কল্পনা ভরা

দৌড়ের পথে স্বপ্ন ধরা।

তাই বন্ধু সময় পেলে


বই-খাতা থেকে একটু বেরিয়ে

চলো মাঠে দৌড় দিই উচ্ছ্বাস প্রাণে

খেলাধুলাই শিক্ষা, কী আনন্দ তা জানে!

খেলা দেয় শক্তি, সাহস প্রাণ

মাঠে হাসি, দলের স্লোগান।



ছবি - দীপিকা গরাই (B.P.Ed. Sem.-2)

স্বপ্ন

সুতৃপ্তি প্রধান (B.P.Ed. Sem.-3)

রাতের আকাশে ভেসে চলে

একরাশ স্বপ্নতারা

চোখের পাতায় চুপি চুপি

আসে বারবার।

জীবন জুড়ে শত বাধা

তবু স্বপ্ন দেখা, থামে না কভু-

তাও মনের কোনে জেলে রাখি

একটুকরো রঙিন আলো।

হয়তো স্বপ্ন পূরণ হবে না

তবুও মন চায় উড়তে,

স্বপ্নই তো বাঁচার ছুতো

হৃদয় খোঁজে তাকে ধরতে।।

কলেজের শেষ স্মৃতি

বীরাঞ্জনা মল্লিক (B.P.Ed. Sem.-3)

আজ আকাশটা যেন একটু বেশি নীল,
তবুও মনে হচ্ছে তার রঙে মিশে আছে বিদায়ের হালকা ধূসর,
গেটের পুরনো প্রহরীও আজ আমাদের দিকে তাকিয়ে হাসলো,
যেন চুপচাপ বলল - “যাও, কিন্তু ভুলে যেওনা এই আঙিনা।”

করিডোরের দেয়ালে আজও ভাসছে
আমাদের সেই অনবরত হাসির প্রতিধ্বনি,
যেখানে প্রথম বর্ষে আমরা নামের বদলে
এক এক জন ছিলাম স্বপ্ন আর কৌতূহলের একেকটা রং।

বেঞ্চার আঁচড়, জানালার কাঁচে লেখা গোপন বার্তা,
সব কিছুই যেন চায়- আরেকটু সময় থাকো,
শেষবারের মতো ব্ল্যাকবোর্ডে চক ঘষার শব্দও
আজ কেমন মিষ্টি আর ব্যথামাখা শোনায়,
ক্যান্টিনে বসে আজ কেউ মজা করে ঠাট্টা করছেন,
চায়ের কাপ ঠান্ডা, কিন্তু আড্ডা গরম,
কারণ আমরা জানি-কয়েক মিনিট পরই
এই আড্ডা থাকবে কেবল স্মৃতির অ্যালবামে।

শিক্ষকের কঠে আজ আশীর্বাদ বেশি, উপদেশ কম,
চোখে একটু জল, ঠোঁটে হালকা হাসি -
যেন তারা গোপনে বলছেন, “এগিয়ে যাও, কিন্তু নিজের
শিকড় মনে রেখো।”

বিকেলের শেষ আলো মাঠের ঘাসে সোনার রেখা এঁকে দেয়,
আমরা দাঁড়িয়ে দেখি-আকাশ ধীরে ধীরে মুছে নিচ্ছে রঙ,
যেন বলছে-দিনের মতোই কলেজের এই অধ্যায়ও শেষ হচ্ছে।

গেটপার হওয়ার মুহূর্তে মনে হলো-
পেছনে ফেলে যাচ্ছি না কেবল একটা ভবন,
ফেলে যাচ্ছি হাজারটা গল্প,
হাজারটা হাসি,
আর একটুকরো নিজেকে,
যা শুধু এখানেই থেকে যাবে-চিরকাল।



উদ্যম সবুজ মাঠ

কুলসুম পারভিন (M.P.Ed. Sem.-4)

একলা হয়ে আছে উদাস হয়ে,
সবুজ ঘাসের সবুজ খেলার মাঠ।
গোলপোস্টটিতে ধরেছে জং,
বলের ছোঁয়া পায়না তো আজ।
খেলার ছলে খেলছে সবাই,
হাত মুঠোফোনের স্ক্রিনে।
সময় সেথা কয়েক মিনিট,
ঘাম ঝরে না তো শরীরে।
জীবন এখন কেবলই ছোট,
ইঁদুর বিড়াল দৌড়ের ময়দানে।
বইয়ের ভারে অধোমুখ শিশুর,
ফুটবল থাকে না তো পায়েতে।
ব্যস্ত জীবন ছুটে বেড়ায়,
রোজগারের পেছনে।
ক্লান্ত শরীর অফিস বাবুর,
সময় কাটে ল্যাপটপের বাটনে।
বুঝতে হবে এটা সবার,
বাঁচতে যেমন অর্থ চাই।
রোগ মুক্ত থাকতে হলে,
খেলার মাঠে নামা চাই।
যদি ছুটতে থাকো কাজের পিছে,
সকাল কিংবা রাতদিন।
দেখবে তবে রোগের ভারে উপুড় হবে,
জীবন হবে অর্থহীন।



ছবি - বৃষ্টি সরকার (B.P.Ed. Sem.-1)

মা তুই, আসিস না এবার ঘরে

সায়নী প্রধান (B.P.Ed. Sem.-3)

মা তুই, আসিস না এবার ঘরে।
তোর যে আছে ভরা সংসার চার ছেলেমেয়ে নিয়ে।
দিনকাল আজ ভালো নেই মা, ঘরে আছে তোর দুই মেয়ে।
মর্তে যে আজ হয় না বিচার - কে ভালো খারাপ।
চোখের সামনে মেয়ে দেখলে, হয়ে যায় ওরা খাবার।
ভালো হোক বা খারাপ,
উকিল হোক বা ডাক্তার সবাই এখন নির্যাতিতা -
কাপুরুষ 'পুরুষ' জাতীর হাতে।
দিন বা রাতের তফাৎ ওরা গেছে...কবে ভুলে!
আইন যেখানে শাস্তি দেয় মা-আজ সেই আইনের ঘরে অন্ধকার।
কে করবে মা বিচার এবার, কে দেবে মা ন্যায়!
তাই বলি মা সামলে রাখিস তোর দুই মেয়েকে।
আবার ও বলি মা,
তুই আসিস না এবার ঘরে।

একবিংশ শতাব্দীর নারী

মমতা হাঁসদা (M.P.Ed. Sem.-1)

আমি একবিংশ শতাব্দীর নারী

ছোটো থেকেই আমি গল্প লেখা
পড়া ও শুনতে ভালোবাসি।

হ্যাঁ আমি একবিংশ শতাব্দীর নারী

আমি সংগ্রামী, মহিয়সী, কল্পময়ী

হ্যাঁ আমি একবিংশ শতাব্দীর নারী

পরনে যেমন শাড়ি কুর্তি পরি,
তেমন জিন্স টপও পরি।

হ্যাঁ আমি একবিংশ শতাব্দীর নারী

যেমন হাতে চুড়ি, ঘড়ি পরি
তেমন চোখে কাজল ও পরি।

হ্যাঁ আমি একবিংশ শতাব্দীর নারী

যেমন হাতে খুস্তি ধরতে পারি,

তেমন নিজের দেশের রক্ষার্থে হাতে অস্ত্র ধারণ করি।

হ্যাঁ আমি একবিংশ শতাব্দীর নারী,

যেমন চুল বাঁধি তেমন ব্যাট হাতে ছক্কাও মারি।



ছবি - অনন্যা দেবনাথ (B.P.Ed. Sem-3)

মা

গৌরী দে (M.P.Ed. Sem.-1)

পৃথিবীতে সবার সেরা

মায়ের সেই হাসি ভরা চেহারা।

মায়ের 'স্নেহ ও ভালোবাসা' পেয়ে

সবকিছু ভুলে গিয়ে

প্রণাম জানাই-মায়ের চরণে;

সবকিছু ভুলে যাই মায়ের স্নেহভরা আলিঙ্গনে।

যিনি আমাদের দেখালেন প্রথম পৃথিবীর আলো

সবার থেকে আমার মা যে ভালো।

দশ মাস দশ দিন গর্ভে ধারণ করে

তারপরেতে নিয়ে এলেন এই সোনার সংসারে।

সবার প্রথমে প্রণাম জানাই মাকে আমার

পরের জন্মেও যেন গর্ভে জন্ম নেই তাঁর।

কত কষ্ট কত যন্ত্রণা সহ্য করে

যিনি সবসময় চিন্তা করেন আমাদের তরে।

সেই মাকে জানাই কোটি কোটি প্রণাম।



ছবি - প্রীতি বাহাদুর (B.P.Ed. Sem.-1)

স্বার্থবাদী

মোনালিসা হালদার (M.P.Ed. Sem.-1)

স্বার্থস্বেষী মানুষগুলো, সবার কাছে কাছে প্রিয় হল -
পরে আছে মুখোশখানা, স্বভাব নাকি ভদ্রআনা
আসলে এরা অপেক্ষারত, সুযোগ পেলেই করবে ক্ষত,
সমস্যাতে পড়লে এরা, নরম পানা তখন যত
সমাধানটা চলে এলে, সময় তখন নেইকো এত,
যার জন্য অন্ধের মতো উপকার তুমি করেছো শত
দিন ফুরোলে বলবে সে তো, ওসব ছাড়া চলে যেত।
সাহায্য তুমি করেছো যাকে, সেই বলবে তুমি নোংরা বটে,
বেলা শেষে ভেবে দেখবে অর্জুন গাছটা ঠিক তোমার মতো।
উপকারটা সে করে বলে, গায়ের ছাল সব নিয়েছে তুলে -
বাস্তব আজ স্বার্থের ঝোলায়, তা ফুরোলে রং বদলায়।



নৃত্যম্

অনামিকা সিংহ (M.P.Ed. Sem.-1)



তালে তালে ছন্দ মেলাই, রবীন্দ্র-নজরুল
একক কিংবা দলগত মুদ্রাই নৃত্যের মূল।
তা-ধিন, তা-ধিন, ধিন-তা তা-ধিন বোলগুলি সব মন্ত্র,
স্মরণীয় পন্ডিতদের, সবই নাট্য গ্রন্থ
শ্যামা হোক বা চণ্ডালিকা রবি ঠাকুরের সৃষ্টি,
নবরসের ভঙ্গিমাতে পড়ুক আলোক বৃষ্টি।
উতলা প্রাণে, হৃদয় গানে জাগুক সংস্কৃতির অঙ্গ,
শোভিত ফুলে সেজে উঠুক মহা মঞ্জুরঙ্গ।
সুরের মাঝে মন অবকাশে ভবভঙ্গি কই,
মহানন্দের শোভাযাত্রায় বলে উঠি —


“মম চিতে নিতি নৃত্যে — কে যে নাচে,
তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ।

ছবি - অনামিকা সিংহ (M.P.Ed. Sem.-1)

ফিরে এসো নেতাজী

সুমিত্রা পাল (M.P.Ed. Sem.-3)

হে আমার বঙ্গ মায়ের সন্তান
তোমার চরণে জানাই প্রণাম।
তুমি তৈরি করে ছিলে আজাদ হিন্দ ফৌজ,
আর দিয়ে ছিলে মোদের স্বাধীনতা।
তোমার ওই অমূল্য বাণী -
“তোমরা আমায় রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেবো।”
আজও মোদের কানে বাজে।
তুমি উঠিয়ে এনে ছিলে
আঁতুর ঘরে পড়ে থাকা লাঞ্ছিত নারী জাতিকে;
তাদেরকে করেছিলে আজাদ হিন্দ ফৌজের অংশ।
হে মোর প্রাণের পুরুষ, তুমি কি জানো আজও
এই স্বাধীন ভারতে নারী জাতি লাঞ্ছিত, নীপিড়িত?
যদি তুমি থাকতে পাশে, আজ
প্রতিটা মায়ের মুখে ফুটতো হাসি।
তোমাকে আজও খুঁজে ফেরে
গোটা ভারতবর্ষ।
তোমার তৈরি বাণী আর সেই সুন্দর প্রচেষ্টাকে স্মরণ করে,
আমরাও গর্জে ওঠে বলতে চাই-
‘হে আমার বঙ্গ মায়ের তরণীদল
তোমরা জাগিয়া উঠো দশভূজা হয়ে।
এগিয়ে চলো সব পিছুটান ছেড়ে,
সমগ্র এই বিশ্বে নারী জাতীর সম্মানের লক্ষ্যে।’
তোমার জন্য শোকাহত গোটা ভারতবর্ষ।
তোমার চরণে দিতে পারি আজও এ জীবন সাঁপে।
আর একবার ফিরে এসো তুমি,
ফিরে এসো এ বঙ্গ মায়ের কোলে।



ফিরে দেখার পঞ্চাশ বছর
শ্রাবণী মণ্ডল (B.P.Ed. Sem.-1)



ছবি : সোমশঙ্কর চ্যাটার্জি, কার্যকরী সম্পাদক, “শক্তি” সুবর্ণ জয়ন্তী সংখ্যা

সেদিন বিকেলে হঠাৎ ফোনে একটা খবর এল- “SIPEW (State Institute of Physical Education for Women) Golden Jubilee Celebration এ আপনাকে আমন্ত্রণ জানানো হচ্ছে,”

কথাটা শুনে বুকের ভেতরটা কেমন যেন হয়ে উঠল আর মুহূর্তেই মনটা আনন্দে ভরে উঠল, কলেজ জীবনের সেই প্রিয় দিনগুলোর স্মৃতি যেন আবার চোখের সামনে ভেসে উঠল।

বান্ধবী শ্রেয়সী ও মিতু সেই নিমন্ত্রণ পেয়ে পরদিনই যাওয়ার প্রস্তুতি শুরু করলাম, সাথে ছিল বান্ধবী শ্রেয়সী ও মিতু। ট্রেনটা ভোরের আলো ছুঁয়ে ধীরে ধীরে এগোচ্ছিল, জানালার বাইরে কুয়াশা ভরা মেঘ মিশে রয়েছে সবুজ ঘাসের সাথে, হঠাৎ মিতু হেসে বলল- “দশ বছর হয়ে গেল, বিশ্বাস হয়?” আমি চায়ের কাপটা হাতে নিয়ে বললাম - “বিশ্বাস হয় না... মনে হয় যেন এই কালকেই আমরা কলেজে ভর্তি হলাম।”

জানালার বাইরের বাতাস এবং ট্রেনের চাকার শব্দের সঙ্গে যেন মিশে যাচ্ছিল স্মৃতির কোলাহল - মনে পড়ে সেই প্রথম হোস্টেল জীবনে পা দেওয়া বন্ধুদের সাথে আড্ডা, দিন শেষে প্রার্থনা, রাতে নোটস বানানো, পরীক্ষার আগে রাতভর টেনশন, সাথেই রাত জাগা গল্প, এবং শেষ দিনের বিদায়ের অজানা এক কষ্ট! শ্রেয়সী বলল- “সেই দশ বছর পর আজ স্মৃতির দরজা যেন খুলে গেছে, আর তোদের মনে পড়ছে, প্রথম দিন ক্লাস করার ভয়, বন্ধুদের সাথে খেতে যাওয়ার মজা, এবং ছুটির দিনে ক্যান্টিনের চা, এখন আমরা চাকরির জীবনে এতটাই ব্যস্ত হয়ে পড়েছি, যে সেই সময়টা এখন স্মৃতির পাতায় বন্দী হয়েই রয়ে গিয়েছে। কিন্তু হাজারও ব্যস্ততার মধ্যে আমরা কলেজের এই ডাককে অমান্য করতে পারিনি।”

গল্পে গল্পে ট্রেনটা পৌঁছালো স্টেশনে, শহর একটু বদলে গিয়েছে, কিন্তু বাতাসে এখনো সেই পুরোনো গন্ধ,

স্টেশন থেকে বাসে করে দুপুরে আমরা পৌঁছালাম কলেজে, কলেজের গেটে পা দিতেই মনে হলো সময় যেন থমকে গিয়েছে, গেটে বড়ো অক্ষরে লেখা- “Welcome to Golden Jubilee celebration..... 50 Glorious years !”

রাস্তার দুই ধারে উৎসবের সাজ, সব জায়গায় সাজানো ফুল, রঙিন ব্যানার, পতাকা, গেট পেরোতেই কানে বাজল ব্যান্ড পার্টির সুর, চারিদিকে উৎসবের গন্ধ ছড়িয়ে পড়েছে, প্রবেশ পথে প্রাক্তন ও বর্তমান ছাত্রীদের ভিড়, সবার চোখে মুখে এক অদ্ভুত আনন্দের উচ্ছ্বাস -“আমাদের কলেজ পঞ্চাশ বছরে পা দিয়েছে।”

পুরোনো সব সহপাঠীদের দেখে মনে হচ্ছিল, সময় যেন একটু থেমে গিয়েছে, আবার নতুন করে কলেজ জীবনের পাতা খুলে বসেছে, মঞ্চ একে একে বন্ধুতা দিলেন প্রিন্সিপাল স্যার, পুরোনো অধ্যাপক-অধ্যাপিকারা এবং প্রাক্তন ছাত্রীদের মধ্যে কয়েকজন, সবার মুখে গর্বের সুর- কীভাবে এই ছোটো প্রতিষ্ঠান আজ একটি বড় পরিবারে পরিণত হয়েছে, এরপর শুরু হলে সাংস্কৃতিক অনুষ্ঠান, নাচ, গান, নাক, কবিতা সব মিলিয়ে এক অপূর্ব পরিবেশে।

সবচেয়ে আবেগপূর্ণ মুহূর্ত ছিল যখন পুরোনো ব্যাচের সহপাঠীরা একে অপরকে আলিঙ্গন করল, কেউ হাসল, কেউ চোখ মুছে নিল চুপিচুপি, আবার কেউবা নিঃশব্দে বলল-“কতদিন পর দেখা।” সন্ধ্যা অনুষ্ঠান শেষে আমি আর আমার কিছু পুরোনো বন্ধুরা মিলে হাঁটতে হাঁটতে এগিয়ে গেলাম আমাদের সেই ক্লাস রুমটাতে, সেখানে গিয়ে দেখি এখন দেওয়ালের গায়ে আঁচড় কাটা আছে আমাদের নাম। শ্রেয়সী ধীরে ধীরে বলে উঠল - “দেখ সেই আমাদের নামগুলো এখনো আছে।

ফেরার সময় ট্রেনে বসে জানালার বাইরে তাকালাম, আকাশে চাঁদ উঠেছে, আর বাতাসে ভেসে আসছে কোনো উৎসবের গানের শব্দ। বাড়ি ফেরার পথে মনে হচ্ছিল, এই আমন্ত্রণ শুধু একটা অনুষ্ঠানে যোগ দেওয়ার ডাক নয়, এ যেন নিজের জীবনে ব্যস্ততার কারণে বন্দী হওয়া স্মৃতিগুলিকে আরো একবার নতুন করে অনুভব করার সুযোগ।



সুস্থ থাকতে যোগব্যায়াম মালবিকা নারু (B.P.Ed. Sem.-1)

সাম্প্রতিক কালে সুস্থ শরীরে বেঁচে থাকাটাই যেন একটা সংগ্রাম। পরিচিত কিছু রোগ-ভোগ চিরকালই ছিল, কিন্তু বর্তমানে তার বহুবিধ রূপ আমাদের নাজেহাল করে তুলছে। চিকিৎসক, হাসপাতাল, নার্সিংহোম - সবই আছে কিন্তু নেই প্রয়োজনীয় অর্থ। আর্থিক অসংগতির জন্য উপযুক্ত চিকিৎসা ব্যবস্থা না পেয়ে রোগে জর্জরিত হয়ে মৃত্যুকে বরণ করে নেওয়া ছাড়া কোনো উপায় থাকে না।

নিরোগ থাকার জন্য যোগব্যায়ামের বিকল্প কিছুই নেই। প্রাচীন যুগ থেকে মুনি-ঋষিরা সুস্থ সবল এবং দীর্ঘজীবন লাভ করেছিলেন নিয়মিত যোগাভ্যাসের দ্বারা। বর্তমানে গতিময় জীবনের সঙ্গে পাল্লা দিয়ে চলতে গিয়ে আমরা নিজেরাই নিজেদের শরীরে বিভিন্ন মারণ রোগকে আমন্ত্রণ জানাচ্ছি। যোগব্যায়ামের মাধ্যমে আমরা সুস্থভাবে বেঁচে থাকতে পারি।

“যোগ” শব্দটির অর্থ কী? “যোগ” শব্দটির অর্থ হলো “যুক্ত করা”, এই যুক্ত করাটা কীসের সাথে? শরীরের সাথে মনকে যুক্ত করা। আমাদের মন যদি ভালো না থাকে তাহলে শরীরও ভালো থাকে না, আবার শরীর ভালো না থাকলে মনও ভালো থাকে না। বর্তমানে কমবেশী সকলেই নানা ধরনের শারীরিক সমস্যায় জর্জরিত। বয়স্করা বাতের ব্যথা, হাইপারটেনশন, ব্লাড সুগার ইত্যাদি রোগে আক্রান্ত হয়ে থাকেন। এসব থেকে অব্যাহতি পেতে নিয়মিত যোগব্যায়ামই একমাত্র রাস্তা। এছাড়া নিয়ম করে প্রাণায়াম করলেও শরীর অনেক সুস্থ থাকে।

কর্মজীবন থেকে অবসর গ্রহণের পর একাকিত্বের কারণে অনেকেই মানসিক ভাবে দুর্বল হয়ে পড়েন। ফলে শরীরও দুর্বল হতে থাকে। শরীরকে সতেজ রাখতে সকালের দূষণমুক্ত, নির্মল, শান্ত পরিবেশে হাঁটা, সঙ্গে কিছু ফ্রি হ্যান্ড এক্সারসাইজ ও শেষে প্রাণায়াম করলে শরীরকে অনেক সুস্থ রাখা যায়।

বয়ঃসন্ধিকালে মেয়েদের একটি বিশেষ সমস্যার সম্মুখীন হতে হয়, অনিয়মিত বা প্রলম্বিত ঋতুশ্রাব যার ফলে মেয়েদের দৈনন্দিন জীবন ব্যাহত হয় এবং অনেকেই রক্তক্লমতায় ভোগেন। এই সমস্যা থেকে মুক্তি পেতে হলে নিয়মিত বাটারফ্লাই ব্যায়াম করতে হবে। দুই হাঁটু ভাঁজ করে সুখাসনের ভঙ্গিতে বসে পায়ের পাতা জোড়া অবস্থায় দুহাত দিয়ে শক্ত করে ধরে হাঁটু দুটোকে দুদিকে ওঠাতে ও নামাতে হবে, অনেকটা প্রজাপতির পক্ষ সঞ্চালনের মতো। এছাড়া পবনমুক্তাসনও এই সমস্যা সমাধান করতে পারে। যাঁরা চাকরির জন্য দিনে ব্যস্ত থাকেন তাঁরা বাড়ী ফেরার পর কিছুক্ষণ বিশ্রাম নিয়ে তারপর যোগাভ্যাস করতে পারেন। পরিশেষে সকলের সার্বিক সুস্থতাই একান্ত কাম্য।



শক্তিরূপেণ সংস্থিতা রিয়া মন্ডল (M.P.Ed. Sem.-4)



দুর্গা শব্দের অর্থ যিনি দুর্গতি বা সংকট থেকে রক্ষা করেন অর্থাৎ সংকট বা দুর্গ থেকে তিনি রক্ষা করবেন এবং করেন বলেই তিনি দুর্গা। সংকটমোচনের জন্য তার অধিষ্ঠান হয়েছে তা কিন্তু নয়। শাস্ত্র পাঠ করলে জানা যায় দেবী দুর্গার আগমনী হয়েছে সময়ের প্রয়োজনে। যখন দেবালয়ে আসুরিক প্রবৃত্তি বেড়ে গিয়েছিল তাদের শাস্তি বিনষ্ট করে দিয়েছিল সেই সময় দেবী দুর্গার আগমন ঘটে। অর্থাৎ দ অক্ষরটি দৈত্য বিনাশ করে, উ- অক্ষরটি বিঘ্ন নাশ করে, রেফ অক্ষরটি রোগ নাশ করে, গ অক্ষরটি পাপ না করে এবং আ-কার শত্রু নাশ করে। একসঙ্গে করলে এর অর্থ দাঁড়ায় দৈত্য, বিঘ্ন, শত্রু, পাপ, ও রোগের হাত থেকে যিনি রক্ষা করেন তিনিই হলেন ‘দুর্গা’।

অন্যদিকে শব্দকল্পদ্রুম বলেছে, “দুর্গং নাশয়তি যা নিত্যং সা দুর্গা বা প্রকীর্তিতা”। অর্থাৎ যিনি দুর্বল আমি অসুরকে বধ করেছিলেন তিনি দুর্গা নামে পরিচিত।

দেবী দুর্গাকে নিয়ে বিস্ময় এবং আগ্রহের কমতি নেই। দুর্গাপূজা বা দুর্গোৎসব বাঙালীদের প্রধান উৎসব। এই কারণেই দুর্গাপূজা নিয়ে বাঙ্গালীদের আগ্রহের কমতি নেই, আর বিস্ময় এই কারণেই যে, তিনি দশভূজা, দশ হাত বিশিষ্ট নারী এবং দেবীর দশ হাতে দশ রকমের অস্ত্র।

হিন্দু দেব-দেবীদের মধ্যে এই ধরনের রূপের সহজেই দেখা মেলে না। প্রশ্ন হল, কেন দেবীর দশ হাত, কেন এত



দেবী দুর্গা রূপে প্রীতি সরকার

অস্ত্র? চন্দী তে দেবী দুর্গাকে দশপ্রহরনধারিণী নামে অভিহিত করা হয়। মহালয়ার পূর্ণ তিথিতে আহ্বান জানানো হয় “জাগো দুর্গা, জাগো দশপ্রহরনধারিণী”। প্রহরণ শব্দের অর্থ হাতিয়ার প্রহার বা অস্ত্র। দশ হাতে অস্ত্র সুসজ্জিত হয়ে যিনি অসুর বা অপশক্তির বিনাশ করেন তিনিই দশপ্রহরনধারিণী। দেবী দশ হাতে এত অস্ত্র সুসজ্জিত হলেন কিভাবে? মহিষাসুরকে বধের জন্য ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরের শরণাপন্ন হন দেবতারা। ব্রহ্মা-বিষ্ণু এবং মহেশ্বর-ত্রিশক্তির থেকেই আবির্ভাব হয় দেবী দুর্গার। প্রত্যেক দেবতার তেজে দেবীর বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ সৃষ্টি হয় এবং দেবীর ১০ হাতের আবির্ভাব হয়।

দেবীকে অস্ত্রে সুসজ্জিত করা এবং অস্ত্রগুলি দেওয়ার পেছনেও শাস্ত্রে ব্যাখ্যা রয়েছে। মার্কণ্ডেয় পুরাণে দেবীর আবির্ভাবের কথা বর্ণিত আছে। শাস্ত্রে দেবীর দশ হাতের অস্ত্র সম্পর্কে যা বর্ণিত আছে তা হল-

শঙ্খ- শঙ্খ জাগরনের প্রতীক। পুরাণ মতে শঙ্খ থেকে যে শব্দের উৎপত্তি হয় তার থেকেই জীবজগতের সমস্ত শক্তির আবির্ভাব হয়। শঙ্খ বা শাঁখ দেবীর বাম হাতে থাকে। বরুণদেব এই অস্ত্র দেবী দুর্গাকে প্রদান করেছিলেন। সমগ্র জীবজগতের স্পন্দন স্বরূপ এই শঙ্খ দেবীর হাতে সুসজ্জিত থাকে। যুদ্ধের সময় এই শঙ্খ বাজিয়ে যুদ্ধের সূচনা করা হয়। পুরাণ মতে পৃথিবী সৃষ্টির সময় জলমগ্ন ছিল এবং তখন শ্রীবিষ্ণু একটি শঙ্খ রূপে অবস্থান করেছিলেন গভীর সমুদ্রের তলদেশে।

চক্র- ভগবান বিষ্ণু দেবী দুর্গাকে সুদর্শন চক্র বা চক্র প্রদান করেছিলেন। চক্র দেবীর ডান হাতে থাকে। “সু” কথার অর্থ সুন্দর এবং “দর্শন” কথার অর্থ দৃশ্যমান। সুদর্শন চক্র হলো ব্রহ্মাণ্ডের প্রতীক স্বরূপ। যে চক্রে ব্রহ্মাণ্ড ঘুরছে। বিশ্বকর্মা সুদর্শন চক্র নির্মাণ করেছিলেন ভগবান শ্রী বিষ্ণুর জন্য। জগতে শাস্তি প্রতিষ্ঠা এবং অপশক্তির বিনাশের জন্যই এই সুদর্শন চক্রের আবির্ভাব হয়। দেবতাদের অসুর বিনাশের আকুতি দেখে ভগবান শ্রী বিষ্ণু দেবী দুর্গাকে এই চক্র প্রদান করেন

গদা বা কাল দণ্ড- গদা বা কাল দণ্ড হলো মহা প্রীতি বা আনুগত্যের প্রতীক। দেবী দুর্গার বাম হাতে এই অস্ত্র সজ্জিত থাকে। ধর্মরাজ যম গদা বা কাল দণ্ডটিকে অসুর বিনাশের জন্য দেবী মহামায়া কে প্রদান করেছিলেন। দেবী দুর্গার হাতে সজ্জিত কাল দণ্ড বা গদাটিকে সম্মোহনকারী শক্তি হিসেবে দেখা হয়। মহিষাসুরকে বধ করার নিমিত্তে বা সম্মোহিত করার জন্য গদা বা কাল দণ্ডটির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

পদ্ম, অক্ষমালা, কমন্ডলু- দেবী দুর্গাকে শঙ্খ চক্র গদা পদ্মধারীও বলা হয়। পদ্ম আলোর প্রতীক। দেবী দুর্গাকে পদ্ম অক্ষমালা এবং কমন্ডলু প্রদান করেন প্রজাপতি ব্রহ্মা। পদ্ম ফুলের জন্ম জলাধারে বা পুকুরে হলেও অন্ধকার থেকে আলোর পথে উত্তরণের প্রতীক হলো পদ্ম। হিন্দু শাস্ত্রে সব দেব-দেবীর অধিষ্ঠান প্রস্ফুটিত পদ্মের উপর। এছাড়া দেবী দুর্গার দক্ষিণ হাতে থাকে অক্ষমালা এবং কমন্ডলু। অক্ষমালা ও কমন্ডলু পবিত্রতার প্রতীক।

খড়গ- খড়গ হচ্ছে ষড়রিপু দমনের প্রতীক। কাম ক্রোধ লোভ মোহ মদ ও মাৎস্যকে সংক্ষেপে বলে ষড়রিপু। ষড়রিপু দমন আত্মশক্তিকে পরিশুদ্ধির প্রক্রিয়া। দেবীর ডান হাতে খড়গ উদ্যত থাকে। শ্রী শ্রী চন্ডিতে দেবী চামুণ্ডার কথা উল্লিখিত আছে যিনি অসুর নিধন কালে খড়্গের দ্বারা পাপের বিনাশ করেন। দেবীর হাতে সজ্জিত খড়গ হলো পরম মোক্ষের ও প্রতীক।

ধনু বা বান- লক্ষ্যভেদ বা স্থির লক্ষ্য আর ঋনাত্মক শক্তির প্রতীক হল ধনুর্বাণ বা তীর ধনুক। দুর্গার বাম হাতে এই অস্ত্র সজ্জিত থাকে। পবন দেব এই অস্ত্র প্রদান করেন দেবী দুর্গাকে। জীবনের প্রতিটা মুহূর্ত বা ঘটনা ক্রম আমাদের পরীক্ষার মুখে পুরে ফেলে দেয়, প্রতি পদক্ষেপে জীবের জীবন এই পরীক্ষা বা যুদ্ধের নামান্তর মাত্র। তাই যুদ্ধে জয়লাভ করতে বা লক্ষ্য স্থির রাখতে দেবী দুর্গার হাতে তীর ধনুক কাল্পনিক লক্ষ্যভেদের অস্ত্র হিসেবে সজ্জিত থাকে।।

ঘন্টা- ঘন্টার ধ্বনিতে যুদ্ধের সূচনা হয়। শাঁখ ঘন্টার মিলিত নিনাদে অশুভ শক্তির বিনাশের কাল ঘোষিত হয়ে থাকে। দেবীর বাম হাতে থাকে ঘন্টা। দেবরাজ ইন্দ্রের বাহন ঐরাবত ঘন্টা অস্ত্রটিকে দেবীকে প্রদান করেন। শ্রী শ্রী চন্ডিতে বর্ণিত আছে দেবী মহিষাসুরকে যুদ্ধে আহ্বান করার সময় সতর্কবার্তা স্বরূপ অট্টহাসি হাসেন ও শাঁখ ও ঘন্টার ধ্বনিতে তাদের যুদ্ধের প্রস্তুতির নির্দেশ দেন।

বজ্র- বজ্র দৃঢ়তা ও সংহতির প্রতীক। বাম হাতে থাকে বজ্র। দেবরাজ ইন্দ্র দেবী দুর্গাকে বজ্র প্রদান করেন। আমাদের যাপিত বা ব্যবহারিক জীবনেও কঠোরতা প্রয়োজন। সংহতিপূর্ণ সমাজ জীবন মানুষের কাম্য তাই দেবীর হাতে বজ্র শোভা পায়।।

সর্প বা নাগপাশ- সর্প বা নাগপাশ বিশুদ্ধ চেতনার প্রতীক। নাগরাজ দেন সর্প বা নাগপাশ। দেবী দুর্গার বাম হাতে নিচের দিকে সর্প বা নাগপাশ সজ্জিত থাকে। আসরিক প্রবৃত্তি লাঘব ও মনে বিশুদ্ধ চেতনার বিকাশে দেবী দুর্গার হাতে এই নাগপাশ শোভা পায়।

ত্রিশূল- ত্রিশূলের তিনটি তীক্ষ্ণ ফলা প্রত্যেকটির আলাদা আলাদা অর্থ রয়েছে। দুর্গার হাতে ত্রিশূল অস্ত্রটি প্রধান

অস্ত্র স্বরূপ সজ্জিত রয়েছে। দেবাদিদেব মহাদেবের হাতে এই ত্রিশূল সজ্জিত থাকে। ত্রিকাল দশ স্বরূপ এই অস্ত্রটি মহাদেব দেবী দুর্গাকে প্রদান করেন। শাস্ত্র মতে ত্রিশূল হল ত্রিগুণের প্রতীক, এই ত্রিগুণ হল সত্ত্ব রজঃ তম। সত্ত্ব হলো দেবগুণ। অর্থাৎ এই গুণ হলো নিরহংকার, ত্যাগ ও উচ্চ অলৌকিকত্বের প্রকাশ। রজ গুণ হল মনুষ্যকুল বা জীবকুলের গুণ। শোক লোভ মায়া মোহ কষ্ট ক্রোধ কাম সবই রজঃগুণ। তমঃগুণ হল রাক্ষস বা ঋণাত্মক শক্তি প্রতীক। ক্রোধ, লোভ, চুরি, মিথ্যা, বিলাসিতা, হত্যা এই সমস্ত অপরাধমূলক কাজকেই রজঃগুণ বলা হয়।

এছাড়াও দেবতাদের অস্ত্রে সজ্জিত দেবীকে অলংকারে ভূষিত করেন কুবের, সূর্যদেব দেবীকে কাঞ্চনবর্ণের সৌন্দর্যময় দুতি প্রদান করেন। সব কিছুর সম্মেলনে দেবী হয়ে ওঠেন অপার রূপের প্রতীক। বিশ্বকর্মা প্রদান করেন দুর্ভেদ্য কবচ কুণ্ডল ও অক্ষয় বস্ত্র। আর হিমালয় তাকে দেন বাহন সিংহ। দেবতাদের মিলিত শক্তি এবং তেজে দেবী হয়ে ওঠেন বলীয়ান। অশুর নিধন করে দেবী মহিষাসুরমর্দিনী রূপ লাভ করেন। সময়ের পরিক্রমায় এখন অনেকেই দেবীকে নিজের মতন করে সাজিয়ে তোলেন। আধুনিক আধুনিক বেশভূষা ও সরঞ্জামাদির দেখা মেলে দেবীর হাতে। তবে শাস্ত্র পাঠে বোঝা যায় যে দেবী অপার মহিমা সম্পন্না, মাতৃগুণসম্পন্না দেবী দুর্গা ভক্তদের এই পাগলামি সহজভাবেই দেখেন।

শুভ ও নিশুভ

শ্রীমদ দেবী ভাগবত পুরাণ থেকে প্রাপ্ত পরিচিত কাহিনী অনুসারে, শুভ এবং নিশুভ হলেন অসুর (অশুভ শক্তি) ভাতৃদ্বয় যারা গভীর তপস্যার পর ভগবান ব্রহ্মার কাছ থেকে বর পেয়েছিলেন, মানুষ হোক বা পশু/পাখি হোক না কেন কোনও পুরুষ দ্বারা তারা হত হবেন না। কিন্তু শুধুমাত্র একজন মহিলার কাছে তাদের হার নিশ্চিত। তারা এই বর কামনা করেছিল যে তারা চিরকাল বেঁচে থাকবে কারণ তারা এমন একজন মহিলাকে জানত না যে যুদ্ধে তাদের উভয়কে হত্যা করার মতো শক্তিশালী ছিল। এইভাবে ক্ষমতাপ্রাপ্ত, এই রাক্ষসরা সাধুদের প্রার্থনায় বিঘ্ন ঘটাতে শুরু করে তাদের অত্যাচার করে এবং অন্য কোন দেবতার পরিবর্তে এই জুটির পূজা করতে বলে। দেবতার বৃষ্টিতে পেরে যে তারা দুই ভাইকে পরাজিত করতে পারবে না যখনই তাদের সাহায্যের জন্য দেবীর প্রতিশ্রুতি দেওয়া হবে। তখন দেবতার একসাথে দেবতার প্রশংসা করেছিলেন যে তিনি সর্বশক্তিমান, এই মহাবিশ্বের সমস্ত প্রাণীর প্রতিটি আবেগ এবং সংবেদনে বাস করেন।



শুভ ও নিশুভ রূপে রিয়া মন্ডল ও দ্বীপাধিতা নক্ষর

দেবীমাহাত্ম্যম্-এ বর্ণিত দেবী দুর্গা সংক্রান্ত তৃতীয় ও সর্বশেষ কাহিনীটি হল শুভ-নিশুভ বধের কাহিনী। গ্রন্থের উত্তর চরিত্র বা তৃতীয় খণ্ডে বিধৃত পঞ্চম থেকে একাদশ অধ্যায়ে এই কাহিনী বর্ণিত হয়েছে শুভ ও নিশুভ নামে দুই অসুরভ্রাতা স্বর্গ ও দেবতাদের যজ্ঞভাগ অধিকার করে নিলে দেবগণ হিমালয়ে গিয়ে বৈষ্ণবী শক্তি মহাদেবীকে স্তব করতে লাগলেন (পঞ্চম অধ্যায়ে উল্লিখিত এই স্তবটি অপরাজিতস্তব নামে পরিচিত; এটি হিন্দুদের নিকট অতিপবিত্র ও নিত্যপাঠ্য একটি স্তবমন্ত্র; “যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা” ও সমরূপ মন্ত্রগুলি এই স্তবের অন্তর্গত)। এমন সময় সেই স্থানে পার্বতী গঙ্গাস্নানে উপস্থিত হলে, আদ্যাদেবী ইন্দ্রাদি দেবতার স্তবে প্রবুদ্ধা হয়ে তাঁর দেহকোষ থেকে নির্গত হলেন। এই দেবী কৌশিকী নামে আখ্যাত হলেন ও শুভ-নিশুভ বধের দায়িত্ব গ্রহণ করলেন। শুভ নিশুভের চর চণ্ড ও মুণ্ড তাঁকে দেখতে পেয়ে নিজ প্রভুদ্বয়কে বললেন যে এমন স্ত্রীলোক আপনাদেরই ভোগ্যা হবার যোগ্য। চণ্ড-মুণ্ডের কথায়

শুভ-নিশুভ মহাসুর সূত্রীবকে দৌত্যকর্মে নিযুক্ত করে দেবীর নিকট প্রেরণ করলেন। সূত্রীব দেবীর কাছে শুভ-নিশুভের কুপ্রস্তাব মধুরভাবে ব্যক্ত করল। দেবী মৃদু হেসে বিনীত স্বরে বললেন, “তুমি সঠিকই বলেছ। এই বিশ্বে শুভ-নিশুভের মতো বীর কে আছে? তবে আমি পূর্বে অল্পবুদ্ধিবশতঃ প্রতিজ্ঞা করেছিলাম, যে আমাকে যুদ্ধে পরাভূত করতে পারবে, কেবলমাত্র তাকেই আমি বিবাহ করব। এখন আমি প্রতিজ্ঞা লঙ্ঘন করি কি করে! তুমি বরং মহাসুর শুভ বা নিশুভকে বল, তাঁরা যেন এখানে এসে আমাকে পরাস্ত করে শীঘ্র আমার পাণিগ্রহণ করেন। আর বিলম্বে কি প্রয়োজন?” সূত্রীব ক্রোধান্বিত হয়ে দেবীকে নিরস্ত হতে পরামর্শ দিল। কিন্তু দেবী নিজবাক্যে স্থির থেকে তাকে শুভ-নিশুভের কাছে প্রেরণ করলেন।

দেবীর কথায় কুপিত হয়ে অসুররাজ শুভ তাঁকে উচিত শিক্ষা দেওয়ার উদ্দেশ্যে দৈত্যসেনাপতি ধূম্রলোচনকে প্রেরণ করলেন। ধূম্রলোচনের সঙ্গে দেবীর ভয়ানক যুদ্ধ হল ও সেই যুদ্ধে ধূম্রলোচন পরাজিত ও নিহত হল। এই সংবাদ পেয়ে শুভ চণ্ড-মুণ্ড ও অন্যান্য অসুরসৈন্যদের প্রেরণ করল। তাদের সঙ্গে যুদ্ধ করার জন্য দেবী নিজ দেহ থেকে দেবী কালীর সৃষ্টি করলেন। চামুণ্ডা ভীষণ যুদ্ধের পর চণ্ড-মুণ্ডকে বধ করলেন। তখন দেবী দুর্গা তাঁকে চামুণ্ডা আখ্যায় ভূষিত করলেন।



চণ্ড-মুণ্ডের মৃত্যুসংবাদ পেয়ে সকল দৈত্যসেনাকে সুসজ্জিত করে প্রেরণ করলেন দেবীর বিরুদ্ধে। তখন তাঁকে সহায়তার প্রত্যেক দেবতার শক্তি রূপ ধারণ করে রণক্ষেত্রে উপস্থিত হলেন। এই দেবীরা হলেন ব্রহ্মাণী, মাহেশ্বরী, কৌমারী, বৈষ্ণবী, বারাহী, নারসিংহী, ঐন্দ্রী প্রমুখ। এঁরা প্রচণ্ড যুদ্ধে দৈত্যসেনাদের পরাভূত ও নিহত করতে লাগলেন। এই সময় রক্তবীজ দৈত্য সংগ্রামস্থলে উপস্থিত হল। তার রক্ত একফোঁটা মাটিতে পড়লে তা থেকে লক্ষ লক্ষ রক্তবীজ দৈত্য সৃষ্টি হয়। এই কারণে দুর্গা কালীর সহায়তায় রক্তবীজকে বধ করলেন। কালী রক্তবীজের রক্ত মাটিতে পড়তে না দিয়ে নিজে পান করে নেন। এরপর শুভ আপন ভ্রাতা নিশুভকে যুদ্ধে প্রেরণ করেন। প্রচণ্ড যুদ্ধের পর দেবী দুর্গা নিশুভকে বধ করলেন। প্রাণপ্রতিম ভাইয়ের মৃত্যুর শোকে আকুল হয়ে শুভ দেবীকে বলল, “তুমি গর্ব করো না, কারণ তুমি অন্যের সাহায্যে এই যুদ্ধে জয়লাভ করেছ।” তখন দেবী বললেন, “একৈবাহং জগত্যত্র দ্বিতীয়া কা মামপরা। পশ্যেতা দুষ্ট মধ্যেব বিশস্তো মদ্বিভূতয়ঃ।” অর্থাৎ -একা আমিই এ জগতে বিরাজিত। আমি ছাড়া দ্বিতীয় কে আছে? রে দুষ্ট, এই সকল দেবী আমারই বিভূতি। দ্যাখ, এরা আমার দেহে বিলীন হচ্ছে। তখন অন্যান্য সকল দেবী দুর্গার দেহে মিলিত হয়ে গেলেন। দেবীর সঙ্গে শুভের যৌর যুদ্ধ আরম্ভ হল। যুদ্ধান্তে দেবী শুভকে শূলে গ্রথিত করে বধ করলেন। দেবতার পুনরায় স্বর্গের অধিকার ফিরে পেলেন। কেউ কেউ, যেমন জন স্ট্র্যাটন হাওলি এবং ডোনা মেরি উলফ, শুভ এবং নিশুভকে অহংকার ও গর্বের প্রতীক হিসেবে দেখেন যা শেষ পর্যন্ত পার্বতীর নম্রতা এবং প্রজ্ঞা দ্বারা পরাস্ত হয়। শশী থারবের ব্যঙ্গাত্মক উপন্যাস দ্য গ্রেট ইন্ডিয়ান নভেলে, শুভ এবং নিশুভের গল্পটি প্রলোভনের বিপদের বিরুদ্ধে সতর্কতা হিসাবে এবং পাঁচ পাণ্ডবের মধ্যে সম্পর্কের পতনের রূপক হিসাবে উভয়ই ব্যবহৃত হয়েছে।

ছিন্নমস্তা

দেবী ছিন্নমস্তা হিন্দুধর্মের দশ মহাবিদ্যার মধ্যে একটি, যা জ্ঞান ও শক্তির দশ দেবী নামেও পরিচিত। ছিন্নমস্তা শব্দটি দুটি শব্দের সমন্বয়ে গঠিত, যথা। ছিন্না ও মাস্তা। ছিন্ন শব্দের অর্থ “বিচ্ছিন্ন” এবং মাস্তার অর্থ “মাথা”। অতএব, ছিন্নমস্তার অর্থ হল “একটি ছিন্ন মস্তক”। দেবী ছিন্নমস্তা হল দশমহাবিদ্যা বা শিবশক্তি বা পার্বতীর ৬ষ্ঠ হিংস্র রূপ। ছিন্নমস্তা

দ্বন্দ্বের দেবী। তিনি দেবীর উভয় পর্যায়ের প্রতীক একজন জীবনদাতা এবং একজন জীবন গ্রহণকারী। তাকে ছিন্নমস্তিকা এবং প্রচণ্ড চন্ডিকাও বলা হয়। তাকে যৌন আত্ম-নিয়ন্ত্রণের প্রতীক বা যৌন শক্তি এবং উপহারের অভিব্যক্তি হিসাবে বিবেচনা করা হয়, ব্যাখ্যার উপর নির্ভর করে। তিনি মৃত্যু, অস্থায়ীতা এবং ধ্বংসের পাশাপাশি জীবন, অমরত্ব এবং বিনোদন বর্ণনা করেন। তিনি একজন উল্লেখযোগ্য তান্ত্রিক দেবতা, গুপ্ত তান্ত্রিক অনুশীলনকারীদের মধ্যে সুপরিচিত এবং পূজা করা হয়। দেবী ছিন্নমুণ্ডার সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত তিব্বতীয় বৌদ্ধ দেবী বজ্রযোগিনীর ছিন্ন-মাথায়ুক্ত রূপ। ছিন্নমস্তার গল্পটি বৈদিক যুগে উদ্ভূত হয়েছিল বলে মনে করা হয়। গল্পে আছে যে একবার, দেবী পার্বতী, ভগবান শিবের সহধর্মিণী, তার পরিচারকদের সাথে একটি বনে স্নান করছিলেন। যখন তিনি স্নান করছিলেন, তখন তার পরিচারকরা তাকে তাদের খাবার সরবরাহ করার জন্য অনুরোধ করেছিল। তাদের অনুরোধে সাড়া দিয়ে পার্বতী তার পরিচারকদের খাওয়ানোর জন্য নিজের মাথা কেটে ফেলেন। এটা বিশ্বাস করা হয় যে তার ঘাড় থেকে বেরিয়ে আসা রক্ত থেকে তিনটি রক্তের স্রোত বের হয়েছিল। একটি স্রোত পার্বতী নিজেই গ্রাস করেছিল, একটি তার পরিচারিকা ছিন্নমস্তার এবং তৃতীয় স্রোত ছিন্নমস্তা গ্রাস করেছিল। শাক্তধর্মে দুটি প্রধান ঐতিহ্য রয়েছে, যথা, শ্রীকুল ও কালীকুল। ছিন্নমস্তা কালীকুল ঐতিহ্যের একজন দেবী। দেবী মানিকেশ্বরীও প্রায়শই তার সাথে পরিচিত হন।

দেবী ছিন্নমস্তার বিচ্ছিন্ন মাথাটি অহং-এর প্রতীক, যা আধ্যাত্মিক বৃদ্ধির বাধা হিসেবে দেখা হয়। তার নিজের মাথা কেটে ফেলার মাধ্যমে, ছিন্নমস্তা তার নিজের অহংকে কাটিয়ে উঠেছে এবং জ্ঞান অর্জন করেছে বলে মনে করা হয়। তার ঘাড় থেকে যে রক্ত বের হয় তা জীবনী শক্তি বা প্রাণের প্রতিনিধিত্ব করে, যা সমস্ত জীবকে টিকিয়ে রাখে। পরিচারক যারা রক্ত গ্রহণ করে তারা সমস্ত জীবের আন্তঃসম্পর্কের প্রতিনিধিত্ব করে এবং এই সত্য যে আমরা সকলেই একই জীবন শক্তি ভাগ করি। ছিন্নমস্তা যে তলোয়ারটি ধারণ করে তা একটি শক্তিশালী হাতিয়ার হিসাবে দেখা হয় যা অজ্ঞতাকে কেটে দিতে পারে এবং জ্ঞানের দিকে নিয়ে যেতে পারে। তার ধারণ করা বাটিটি ঐশ্বরিক নারীত্বের গ্রহণযোগ্য দিককে প্রতিনিধিত্ব করে, যা ঐশ্বরিক জন্য একটি পাত্র হিসাবে দেখা হয়। রক্ত গ্রহণের কাজটি নেতিবাচক শক্তির ইতিবাচক শক্তিতে রূপান্তর



ছিন্নমস্তা রূপে ধিস্থিতা মাণ্ডি

এবং আধ্যাত্মিক জাগরণ অর্জনের প্রতিনিধিত্ব করে। ছিন্নমস্তার তাৎপর্য গভীর। তাকে একজন শক্তিশালী দেবী হিসেবে দেখা হয় যিনি আধ্যাত্মিক জাগরণের রূপান্তরকারী শক্তির প্রতিনিধিত্ব করেন। তিনটি মাথার দেবী হিসাবে তার চিত্রায়ন সময়ের চক্রকার প্রকৃতির প্রতীকী, এবং সত্য যে সবকিছু ক্রমাগত পরিবর্তিত হচ্ছে। তার নিজের মাথা কেটে ফেলার কাজটি ত্যাগের কাজ হিসাবে দেখা হয়, যা আধ্যাত্মিক বৃদ্ধির জন্য প্রয়োজনীয়। দেবী ছিন্নমস্তার প্রতীকবাদ আধুনিক বিশ্বের সাথেও প্রাসঙ্গিক। এমন একটি বিশ্বে যেখানে অহংকে প্রায়শই খুব বেশি গুরুত্ব দেওয়া হয়, দেবী ছিন্নমস্তার গল্পটি একটি অনুস্মারক হিসাবে কাজ করে যে অহং আধ্যাত্মিক বৃদ্ধির জন্য একটি বাধা। তার নিজের মাথা কেটে ফেলার মাধ্যমে, ছিন্নমস্তা দেখায় যে অহংকে জয় করা এবং জ্ঞান অর্জন করা সম্ভব।

দেবী ছিন্নমস্তার প্রতীকবাদ বর্তমান পরিবেশগত সংকটের সাথে প্রাসঙ্গিক। রক্ত খাওয়ার কাজটি সমস্ত জীবন্ত প্রাণীর আন্তঃসংযুক্ততার প্রতিনিধিত্ব করে এবং আমরা সকলেই একটি বৃহত্তর বাস্তবত্বের অংশ। মহান দেবতা ইন্দ্রের বল বা ভয়ানক শক্তি হিসাবে, ছিন্নমস্তা আমাদের অবচেতন গভীরতার (বিদ্যুৎ শক্তি) শক্তি যা সৃষ্টির সমস্ত স্তরে কাজ করে তার বিদ্যুতায়নকারী শক্তিকে প্রতিনিধিত্ব করে ভৌত বস্তুগত

জগতে, বৈদ্যুতিক শক্তি, বিদ্যুৎ, এই বিশাল রূপান্তরকারী শক্তির একটি মাত্র রূপকে প্রতিনিধিত্ব করে তা হল ছিন্নমস্তা। মানসিক স্তরে, তিনি প্রয়োজনীয় বাস্তবতার সঠিক উপলব্ধি নির্ধারণে শক্তি হিসাবে কাজ করে, তাতক্ষণিক আধ্যাত্মিক জ্ঞানও নির্ধারণ করে। ছিন্নমস্তা একই শক্তির প্রতিনিধিত্ব করে, যা তবু যোগীর অবিলম্বে, “বজ্রধ্বনি” রূপান্তরের দিকে পরিচালিত হয়। ফলস্বরূপ, ছিন্নমস্তা একভাবে তাতক্ষণিক আধ্যাত্মিক অন্তর্দৃষ্টির উজ্জ্বল বিদ্যুত যা অজ্ঞতার আবরণকে ধ্বংস করে এবং দূরে সরিয়ে দেয়, সর্বোচ্চ আধ্যাত্মিক মুক্তির দিকে পথ খুলে দেয়।

মা ছিন্নমস্তা তার মূলত ঐশ্বরিক প্রকৃতিকে ভুলে না গিয়ে শেষ পর্যন্ত ক্ষণস্থায়ী এবং অলীক সবকিছুর শোষণ এবং রূপান্তরের এই অসাধারণ প্রক্রিয়াটি করে থাকেন, যা পরম আত্মার অত্যন্ত অপরিবর্তনীয় এবং চিরন্তন প্রকৃতি। যদিও তার অধীনে যে রূপটি মর্ত্যলোকে দেখা যায় তা ভয়ানক এবং ভীতিকর, কিন্তু তা গভীরভাবে রূপান্তরকারী শক্তিগুলির একটি প্রতিনিধিত্ব করে।

দেবী ছিন্নমস্তা, ছিন্ন-মস্তক বা শিরচ্ছেদ করা দেবী, হিন্দু দেবদেবীদের মধ্যে অন্যতম রহস্যময় দেবী হিসাবে দাঁড়িয়ে আছেন। তার উগ্র এবং বিদ্রোহিত প্রকৃতি জীবন এবং মৃত্যু, সৃষ্টি এবং ধ্বংস, আত্মত্যাগ এবং শেষ মুক্তির আন্তর্গক্রিয়াকে অন্তর্ভুক্ত করে। তার অনন্য একক রূপের মুর্ছনা আইকনোগ্রাফি তার ভক্তদের পাশাপাশি দেবী অধ্যয়নরত পণ্ডিতদেরকে চ্যালেঞ্জ করে যে তারা বস্তুগত জগতের বাইরে তার দেবত্ব সম্পর্কে বোঝার জন্য তার রূপের কাছে উগ্র, নিষ্ঠীক ঐশ্বরিক নারীত্বের দরজায় কড়া নাড়তে।

ধূমাবতী

ধূমাবতী হল মহাবিদ্যার একজন, দশটি হিন্দু তান্ত্রিক দেবীর একটি দল। ধূমাবতী হিন্দু ঐতিহ্য যেমন শাক্তধর্মের সর্বোচ্চ দেবী মহাদেবীর ভয়ঙ্কর দিককে প্রতিনিধিত্ব করে। তাকে প্রায়শই একজন বৃদ্ধ, কুৎসিত বিধবা হিসেবে চিত্রিত করা হয় এবং হিন্দুধর্মে অশুভ এবং অকর্ষনীয় বিবেচিত বিষয়গুলির সাথে যুক্ত করা হয়, যেমন কাক এবং চাতুর্মাস্য যুগ। দেবীকে প্রায়শই অশ্ববিহীন রথে বা কাকের উপরে চড়ে, সাধারণত শ্মশানে চিত্রিত করা হয় ধূমাবতীকে প্রায়শই সপ্তম মহাবিদ্যা বলা হয়। গুহাতিগুহ্য-তন্ত্র বিষণ্ণ দশটি অবতারকে দশ মহাবিদ্যার সাথে সমান করে। মৎস্য অবতার মৎস্যকে



দেবী ধূমাবতী রূপে সমাপ্তি প্রধান

ধূমাবতী থেকে উদ্ভূত বলে বর্ণনা করা হয়েছে। মুন্ডমালার অনুরূপ তালিকায় ধূমাবতীকে বামনের সাথে সমান করা হয়েছে।

শাক্ত মহা-ভাগবত পুরাণের একটি গল্পে, যা সমস্ত মহাবিদ্যার সৃষ্টির বর্ণনা করে, দক্ষিণের কন্যা এবং দেবতা শিবের প্রথম স্ত্রী সতী অপমানিত বোধ করেন যে তিনি এবং শিবকে দক্ষিণের যজ্ঞে আমন্ত্রণ জানানো হয়নি (“অগ্নি বলি”) এবং শিবের প্রতিবাদ সত্ত্বেও সেখানে যাওয়ার জন্য জোর দেয়। শিবকে বোঝানোর নিরর্থক প্রচেষ্টার পর, ক্রুদ্ধ সতী মহাবিদ্যায় রূপান্তরিত হয়, যারা শিবকে দশটি মূল দিক থেকে ঘিরে ফেলে। ধূমাবতী দক্ষিণ-পূর্বে অবস্থান করছে আরেকটি অনুরূপ কিংবদন্তীতে সতীকে শিবের স্ত্রী এবং অন্যান্য মহাবিদ্যার উৎপত্তি হিসেবে কালী প্রতিস্থাপন করা হয়েছে।

শক্তিসমাগম-তন্ত্রের একটি কিংবদন্তী বর্ণনা করে যে সতী দক্ষিণের যজ্ঞে বাঁপ দিয়ে আত্মহত্যা করেন এবং ধূমাবতী সতীর জ্বলন্ত দেহের বিষণ্ণ ধোঁয়া থেকে কালো মুখ নিয়ে জেগে ওঠেন। তিনি “সতীর যা কিছু অবশিষ্ট আছে” এবং তিনি তার ক্ষুদ্র ও অপমানিত অবতার। প্রাণতোষিনী -তন্ত্র ধূমাবতীর বৈধব্য ব্যাখ্যা করে। একবার সতী শিবকে খাবার দিতে বললেন। শিব প্রত্যাখ্যান করলে, দেবী তার

চরম ক্ষুধা মেটানোর জন্য তাকে ভক্ষণ করেন। যখন শিব তাকে ত্যাগ করার জন্য অনুরোধ করেন, তিনি বাধ্য হন। শিব তখন তাকে প্রত্যাখ্যান করেন এবং তাকে বিধবার রূপ ধারণ করার জন্য অভিশাপ দেন। আরেকটি মৌখিক কিংবদন্তি বলে যে ধূমাবতী শুভ্র এবং নিশুভ্র রাক্ষসদের বিরুদ্ধে যুদ্ধে যোদ্ধা দেবী দুর্গার দ্বারা সৃষ্টি হয়েছিল।

ধূমাবতী তন্ত্র তাকে বৃদ্ধ ও কুৎসিত বিধবা বলে বর্ণনা করেছে। তিনি পাতলা, লম্বা, অস্বাস্থ্যকর, এবং একটি ফ্যাকাশে-ধূসর রঙের। তাকে অস্থির এবং দুঃস্থ হিসাবে বর্ণনা করা হয়েছে। অলঙ্কারে সজ্জিত না হয়ে, সে পুরানো, নোংরা পোশাক পরে এবং তার চুল এলোমেলো। তার চোখ ভয়ঙ্কর, তার নাক লম্বা এবং আঁকাবাঁকা, এবং তার কিছু লম্বা ফ্যাং-সদৃশ দাঁত পড়ে গেছে, ফাঁক দিয়ে তার হাসি ছেড়ে গেছে। তার কান কুৎসিত এবং রক্ষ; তার স্তন নিচে ঝুলন্ত, তার একটি কাঁপা হাতে, তিনি একটি ঝাঁকুনি ধারণ করেন, অন্যটি একটি বর প্রদান করার অঙ্গভঙ্গি বা জ্ঞান প্রদানের অঙ্গভঙ্গি করে। তিনি একটি কাকের প্রতীক ধূমাবতী একটি কাক চড়ে এবং একটি ত্রিশূল ধারণ করে। তাকে কাটা মাথার মালা লাল রঙের অঙ্গ এবং ম্যাটেড কিন্তু বিচ্ছিন্ন চুলের সাথে চিত্রিত করা যেতে পারে। কখনও কখনও, তিনি মৃত্যুর দেবতা যমের মহিষের শিং বহন করেন, যা মৃত্যুর সাথে তার যোগসূত্রের প্রতীক।

ধূমাবতীরও হিংস্র, যুদ্ধবাজ গুণ আছে। শাক্ত প্রমোদে, সে তার মুখের মধ্যে হাড় গুঁড়ো করে, একটি ভয়ঙ্কর শব্দ তৈরি করে। তিনি ড্রাম এবং ঘণ্টার ভয়ঙ্কর এবং যুদ্ধের মতো আওয়াজও করেন। তিনি মাথার খুলির মালা পরেন, চন্দ ও মুন্ডা রাক্ষসদের মৃতদেহ চিবিয়ে খান তিনি দরিদ্র, ভিক্ষুক, কুষ্ঠরোগী এবং রোগাক্রান্ত রূপে আবির্ভূত হন। তিনি “বিশ্বের ক্ষত”, মরুভূমি, ধ্বংসপ্রাপ্ত বাড়ি, দারিদ্র্য, ক্ষুধা, তৃষ্ণা, ঝগড়া, শিশুদের শোক, বন্য এবং অন্যান্য অসভ্য, বিপজ্জনক জায়গায় বাস করেন। সাধারণভাবে বিধবারা অশুভ, বিপজ্জনক এবং অশুভ আত্মাদের দখলের জন্য সংবেদনশীল বলে বিবেচিত হয়। দিব্য বিধবা হিসেবে ধূমাবতীকে ভয় পেতে হয়। ধূমাবতীকে একটি ধূর্ত বা জাদুকরী, ধূর্ত এবং ঝগড়াটে বলে বর্ণনা করা হয়েছে।

চামুণ্ডা

হিন্দু ধর্মে দেবী হল মহাবিশ্বের স্বর্গীয় প্রতিনিধিত্ব, মহিলা দেবতার উদ্দেশ্যমূলক দেবী, প্রতিটি দেবী শক্তি এবং মহাজগতের একটি অংশের প্রতীক, এমনই একজন শক্তিশালী দেবী হলেন চামুন্ডা চন্ডীর ভিন্ন রূপ, এবং সাতটি মাতৃকা একজন। তিনি অন্যান্য নামেও পরিচিত যেমন চামুন্ডি, চামুন্ডেশ্বরী বা চাচিকা।



দেবী চামুন্ডা রূপে সুস্মিতা পাল

চামুণ্ডা দেবী কে?

দেবী চামুন্ডা হিন্দু ধর্মে দুর্গা দেবীর অন্যতম বিখ্যাত প্রকাশ হিসাবে পরিচিত। দেবীমাহাত্ম্য ও মার্কণ্ডেয় পুরাণে চামুন্ডা দেবীর উৎপত্তির কথা বলা হয়েছে, গল্পে বলা হয়েছে যে যখন দেবী দুর্গা রাক্ষস মুন্ডুও চন্দের সাথে যুদ্ধ লিপ্ত হন, তখন কালী দেবী দুর্গার কপাল থেকে অবতীর্ণ হন এবং অসুরদের হত্যা করেন, কালীর প্রতি খুশি হয়ে দুর্গা তার নাম রাখেন চামুন্ডা। তিনি প্রধান যোগিনীদের মধ্যে একজন হিসাবে বিবেচিত হন, চৌষটি বা একাশি তান্ত্রিক দেবীর একটি দল, যারা পার্বতী দেবীর রাক্ষস যাদেরকে চামুণ্ডা হত্যা করেছিলেন, তার পরিচয় দেবী পার্বতী, কালী বা দুর্গার সাথে জড়িত। দেবী চামুণ্ডাকে সাধারণত মশানে বা পবিত্র ডুমুর গাছের আশেপাশে বসবাস করতে দেখা যায়। দেবী মদ নৈবেদ্য এবং ধর্মীয় পশুবলি দিয়ে পূজনীয়। বৈষ্ণব ও শৈবদের প্রভাবে পশু বলির প্রথা এখন খুব একটা প্রচলিত নয়। চামুণ্ডা দেবীকে প্রাথমিকভাবে উপজাতীয় দেবী

হিসেবে দেখা হতো। মধ্য ভারতের বিদ্য পর্বতের আদিবাসীরা তাকে পূজা করত, সেই সময়ে উপজাতিদের কাছে পঙ্গু উৎসর্গ করা সাধারণ ছিল। সেইসাথে দেবীকে মদ প্রদানের প্রথার সাথে মানুষ বলি দেওয়াও ছিল, দেবীর জ্বলন্ত প্রকৃতি রুদ্র এর সাথে তার সংযোগের কারণে, কখনও কখনও অগ্নি দেবতা অগ্নির সাথে স্বীকৃত, চামুন্ডা দেবী সমগ্র ভারত এবং, নেপাল জুড়ে পূজা করা হয় এবং যুদ্ধের দেবী বলে বিশ্বাস করা হয়। হিন্দু এবং জৈন সম্প্রদায়ের বেশ কিছু লোক তাকে তাদের কুলদেবী হিসাবে প্রার্থনা করে।

দেবী চামুন্ডার চারিত্রিক গুণাবলী -

